

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

.....

তাহাড়া তোমাদেরকে একথা বলাও সম্ভব নয় যে, তোমরা ফেরেশতা ও নবীগনকে নিজেদের পালনকর্তা সাব্যস্ত করে নাও। তোমাদের মুসলমান হবার পর তারা কি তোমাদেরকে কুফরী শেখাবে?

সূরা আল ইমরান ৮০

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ২ বুধবার ১১ অক্টোবর ২০২৬ ২৫ রবিঃ সানিঃ ১৪৪৮ ২২ আশ্বিন ১৪৩৩ ৯ম বর্ষ ১২৩ সংখ্যা ৪ পৃষ্ঠা ৫ টাকা

বাংলাদেশকে একটি মানবিক দেশ হিসেবে গড়ে তুলতে চাই: প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশকে একটি মানবিক বাংলাদেশ হিসেবে গড়ে তুলতে চাই বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী ও বিএনপি ২ এর পাতায় দেখুন

তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা পরিবর্তনে সংবিধানের ফিরছে গণভোটের বিধান

কীর্তনখোলা ডেস্ক

তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা সংবিধানের পুনর্বহালের পাশাপাশি ভবিষ্যতে এ ব্যবস্থা পরিবর্তন করতে হলেও জনগণের অনুমোদন ২ এর পাতায় দেখুন

সরকারের ভালো কাজে সহযোগিতা, জনস্বার্থবিরোধী কাজে প্রতিবাদ: জামায়াত

কীর্তনখোলা ডেস্ক

সরকারের জনকল্যাণমূলক কাজে সহযোগিতা করা এবং জনস্বার্থবিরোধী কাজের প্রতিবাদ করা হবে বলে মন্তব্য করেছেন ২ এর পাতায় দেখুন

সরকার দামবৃদ্ধি করে সমস্যা সমাধান করতে চায়

কীর্তনখোলা ডেস্ক

সরকার সমস্যা সমাধানে মূল কারণ অনুসন্ধান না গিয়ে দামবৃদ্ধি করে সমাধান করতে চায় বলে মন্তব্য করেছেন ২ এর পাতায় দেখুন



বরিশালে লাফিয়ে লাফিয়ে বাড়ছে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল বিভাগে গত বছর এডিস মশাবাহিত ডেঙ্গু রোগের ‘হটস্পট’ ছিল বরগুনা। এবার সবচেয়ে বেশি ডেঙ্গু রোগী শনাক্ত হয়েছে পিরোজপুরে। নতুন করে ডেঙ্গুর হটস্পট হিসেবে চিহ্নিত হয়েছে এই জেলা। আর গত তিন মাসের ব্যবধানে বিভাগে ডেঙ্গু রোগী বেড়েছে প্রায় ছয় গুণ। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছরের ৩০ জুন পর্যন্ত বিভাগে ডেঙ্গু রোগী ছিলেন ২ হাজার ২৫ জন। এর পনের তিন মাসে (জুলাই-সেপ্টেম্বর) রোগীর সংখ্যা বেড়ে হয়েছে ১১ হাজার ৬৩৭। আর ৫ অক্টোবর পর্যন্ত বরিশাল বিভাগে শনাক্ত হওয়া ডেঙ্গু রোগীর সংখ্যা ১২ হাজার ৬৭৬। গত রোববার সকাল ৮টা থেকে সোমবার সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টায় বরিশাল বিভাগে ডেঙ্গুতে দুই নারীর মৃত্যু হয়েছে। একই সময়ে নতুন করে বিভাগে বিভিন্ন সরকারি হাসপাতালে ২১৬ জনের ডেঙ্গু শনাক্ত হয়েছে। এর মধ্যে ৭০ জনই পিরোজপুরের ২ এর পাতায় দেখুন



জেলা পরিষদের প্রায় ১১ কোটি টাকা ফেরত দিচ্ছে না ন্যাশনাল ব্যাংক

কীর্তনখোলা রিপোর্ট

ন্যাশনাল ব্যাংক পিএলসির বরিশাল সদর রোড শাখায় জমা রাখা বরিশাল জেলা পরিষদের প্রায় ১০ কোটি ৮৩ লাখ টাকা ফেরত না দেওয়ার অভিযোগ উঠেছে। দীর্ঘদিন ধরে তারল্যসংকটের কারণে গণ্ডিত অর্থ তুলতে না পারায় কর্মকর্তা-কর্মচারীদের তেমন-ভাতা,

হিসাবে এক জমা রাখে বরিশাল জেলা পরিষদ। এর মধ্যে একটি হিসাবে ৬ কোটি ৭ লাখ ৯৬ হাজার ১১ টাকা এবং অপরটিতে ৪ কোটি ৭৫ লাখ ৬০ হাজার ৩৯৫ টাকা রয়েছে। হিসাব দুটিতে মোট পাওয়ার পরিমাণ ১০ কোটি ৮৩ লাখ ৫৬ হাজার ৪০৬ টাকা। জেলা পরিষদের উন্নয়ন ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, সক্ষম বাঙালি প্রজন্মের বাংলা জন্মদায়কিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রহ্মমোহন কলেজ, বাঙালি বিজ্ঞানের সাক্ষর বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাবেক পদাধীশা সিরাজ

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রোগ্রামের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নথর প্রাপ্তিতে সহায়ক। সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়ছাত্র বিদ্যেবর প্রবাল পদীকর, সরকারি আদেলাবাদ কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সুনামশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিল্লা

সদর রোড, বরিশাল

01932-314219

ইসলামিয়া লাইব্রেরি

শাহরাসাত, সদর রোড, বরিশাল

01711-264963

অবুদুর লাইব্রেরি

সদর রোড, বরিশাল

01708-868515

অবুদুর লাইব্রেরি

সদর রোড, বরিশাল

01708-868514

খন্দকার লাইব্রেরি

সদর রোড, বরিশাল

01711-407767

নিউ মাহবুব লাইব্রেরি

সদর রোড, বরিশাল

01763-107720

রহমান বুক হাউজ

শাহরাসাত, সদর রোড, বরিশাল

01718-670945

মজুমদার লাইব্রেরি

হাট রোড, বরিশাল

01716-139268

অমৃত লাইব্রেরি

হাট রোড, বরিশাল

01719-408049

নিউ কলেজ লাইব্রেরি

হাট রোড, বরিশাল

01726-474663

হুক লাইব্রেরি

হাট রোড, বরিশাল

01724-851658

আশরাফিয়া লাইব্রেরি

হাট রোড, বরিশাল

01717-468083

একজন পড়ে থাকার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। সেখানে নাজমুল হককে পাওয়া যায়। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, তিনি সাততলা থেকে লাফ দিয়ে আত্মহত্যা করেছেন। তারক বিশ্বাস আরও বলেন, ভবনটির নির্মাণশৈলীর কারণে অসাবধানতাবশত কারও নিচে পড়ে যাওয়ার সুযোগ নেই। ভবন থেকে পড়ে গেলে কর্নিশে বাধাধাক্কা হওয়ার কথা। এ ছাড়া তাকে কেউ ধাক্কা দিয়ে ফেলে দেওয়ার সম্ভাবনাও কম। কারণ, ঘটনার সময় আদালত ভবনে অনেক লোকজন উপস্থিত ছিলেন। তার মরদেহ বর্তমানে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে রয়েছে। ঘটনার কারণ ও বিস্তারিত তদন্ত করে দেখা হবে থানা পুলিশ।

বিশ্বজুড়ে তরুণদের মধ্যে দ্রুত বাড়ছে সাত ধরনের ক্যানসার

কীর্তনখোলা ডেস্ক

বিশ্বের বিভিন্ন দেশে ৫০ বছরের কম বয়সীদের মধ্যে কয়েক ধরনের ক্যানসারের হার উল্লেখজনকভাবে বাড়ছে। ইংল্যান্ড, যুক্তরাষ্ট্র ও নেদারল্যান্ডের ক্যানসার-সংক্রান্ত তথ্য বিশ্লেষণ করে নতুন এক আন্তর্জাতিক গবেষণায় সাত ধরনের ক্যানসারের ক্ষেত্রে তরুণদের মধ্যে উল্লেখযোগ্য বৃদ্ধির তথ্য পাওয়া গেছে। গবেষণাটি পরিচালনা করেছে ওয়ার্ল্ড ক্যানসার রিসার্চ ফান্ড (ডব্লিউসিআরএফ)। গবেষণায় দেখা গেছে, ইংল্যান্ডে ২০০১ থেকে ২০২৩ সালের মধ্যে ৫০ বছরের কম বয়সীদের মধ্যে প্রোস্টেট ক্যানসারের হার প্রায় চার গুণ হয়েছে। একই সময়ে এই বয়সীদের মধ্যে ২ এর পাতায় দেখুন

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত.....

হ্যালো ৯৯৯

জীবনের নিরাপত্তা চিরকালই কি অধরা থেকে যাবে?

সাম্প্রতিক সময়ে দেশজুড়ে শিশু নিসেজ, ক্রমবর্ধমান সামাজিক সহিংসতা এবং অপরাধের বিভিন্ন রূপান্তর নাগরিক মনে গভীর মনস্তাত্ত্বিক সংকটের জন্ম দিয়েছে। ২০২৪ সালের রাজনৈতিক পটপরিবর্তনের পর পুলিশ বাহিনী মাঠে ফিরলেও, অপরাধ দমনে তাদের সাজাদানের গতি এবং কার্যকারিতা নিয়ে জনমনে প্রশ্ন রয়েছে। মাঠ পর্যায়ের এই মহত্বপূর্ণ কেবলই একক কোনো পুলিশ সদস্যের পেশাগত অবজ্ঞা হিসেবে দেখলে তা হবে একটি সর্লীয়করণ মাত্র। সমাজতাত্ত্বিক ও কাঠামোগত দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণ করলে দেখা যায়, এই সংকট মূল্য একটি ভঙ্গুর ও শতাব্দী প্রাচীন আইনি কাঠামো এবং বাহিনীর গভীর মনস্তাত্ত্বিক ট্রমার সন্মিলিত ফল।

বাংলাদেশ পুলিশ আজ যে প্রাতিষ্ঠানিক পরায়ীনতার বৃত্তে বন্দি, তার শেকড় প্রোথিত রয়েছে ব্রিটিশ ঔপনিবেশিক আমলের ‘১৮৬১ সালের পুলিশ আইনে’। ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহের পর তৎকালীন ব্রিটিশ রাজ এ দেশের সাধারণ মানুষকে নাগরিক সেবা দেওয়ার জন্য এই বাহিনী গঠন ২ এর পাতায় দেখুন

বাংলাদেশ পুলিশ আজ যে প্রাতিষ্ঠানিক পরায়ীনতার বৃত্তে বন্দি, তার শেকড় প্রোথিত রয়েছে ব্রিটিশ ঔপনিবেশিক আমলের ‘১৮৬১ সালের পুলিশ আইনে’। ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহের পর তৎকালীন ব্রিটিশ রাজ এ দেশের সাধারণ মানুষকে নাগরিক সেবা দেওয়ার জন্য এই বাহিনী গঠন ২ এর পাতায় দেখুন

পিকআপের সঙ্গে মোটরসাইকেলের সংঘর্ষে শিশুর মৃত্যু, বাবা আশঙ্কাজনক

বোরহানউদ্দিন প্রতিনিধি

ভোলা-চরক্যান্দন আঞ্চলিক মহাসড়কের কুঞ্জেহাট সলংগা বৈদ্যেরপুল এলাকায় মোটরসাইকেল ও পিকআপের মুখোমুখি সংঘর্ষে মোসা. রাফা আক্তার নামে তিন বছর বয়সী এক শিশুর মৃত্যু হয়েছে। এ ঘটনায় শিশুটির বাবা মো. সোহেল (৩৫) গুরুতর আহত হয়ে ভোলা সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। মঙ্গলবার (৬ অক্টোবর) সকালে বোরহানউদ্দিন উপজেলার বৈদ্যেরপুল এলাকায় এ দুর্ঘটনা ঘটে। আহত মো. সোহেল লালমোহন বাজারের ব্যবসায়ী ফিরোজ হোসেনের জ্যেষ্ঠ ছেলে। প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা যায়, সোহেল তার শিশুকন্যাকে নিয়ে মোটরসাইকেলযোগে ২ এর পাতায় দেখুন

নতুন আঙ্গিক, অত্যাধুনিক প্রযুক্তিতে

বিশ্বমানের সিমেন্ট

প্রদ্যব্বা সিমেন্ট

ইস্রাইলের মজবুত গড়

সেবা : ০২৯১০০৬৬৬৬৬৬, ০২৭১১০২৭৭০৪

কীর্তনখোলা নদীতে অভিযানে ড্রেজার ও বাস্কহেড জন্ম

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের কীর্তনখোলা নদীর জুনাহার এলাকায় অবৈধভাবে বালু উত্তোলন ও পরিবহনের বিরুদ্ধে অভিযান পরিচালনা করেছে প্রশাসন ও কোস্ট গার্ড। মঙ্গলবার (৬ অক্টোবর) রাত ১টা থেকে এ অভিযান শুরু হয়। বরিশাল সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) আজহারুল ইসলামের নেতৃত্বে কোস্ট গার্ডের একটি টিম এ অভিযান পরিচালনা করে। অভিযানে নদী থেকে অবৈধভাবে বালু উত্তোলন ও পরিবহনের অভিযোগে ২টি ড্রেজার ও ৩টি বাস্কহেড জব্দ করা হয়। একই সঙ্গে সংশ্লিষ্টদের মোট ৫ লাখ ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। সহকারী কমিশনার (ভূমি) আজহারুল ইসলাম জানান, বরিশালের জেলা প্রশাসকের নির্দেশনা ও তত্ত্বাবধানে কীর্তনখোলা নদীতে অবৈধভাবে বালু উত্তোলনকারীদের বিরুদ্ধে এ অভিযান পরিচালনা করা হয়েছে। বালুখোঁদের বিরুদ্ধে মেলা ও উপজেলা প্রশাসনের এ ধরনের অভিযান নিয়মিতভাবে অব্যাহত থাকবে।

কার্যকরী অর্থনীতি হতে পারে মৎস্য চাষ: জহির উদ্দিন স্বপন

গৌরনদী প্রতিনিধি

প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও বরিশাল-১ আসনের সসদ সদস্য জহির উদ্দিন স্বপন বলেছেন, মৎস্য চাষ একটা কার্যকরী অর্থনীতি হতে পারে, যদি আমাদের প্রত্যেকটি পুরুর, জলাশয় ও খাল-বিলকে আমরা মৎস্য চাষ উপযোগী করি।

মঙ্গলবার (৬ অক্টোবর) বেলা সাড়ে ১১টায় গৌরনদীতে সরকারি/প্রাতিষ্ঠানিক পুকুর ও জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ শেষে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, সরকারের যতগুলো জনসেবা বিভাগ আছে প্রত্যেকটা জলাশয়ের জনসেবার বাস্তবিক তৎপরতার

ডেঙ্গুতে ১০ জনের মৃত্যু আক্রান্ত ১৯৯৬

কীর্তনখোলা ডেস্ক

দেশে নতুন করে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আরও ১০ জনের মৃত্যু হয়েছে। এ সময় আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ১ হাজার ৯৯৬ জন। মঙ্গলবার (৬ অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক নিয়মিত বুলেটিনে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মোট ২৮১ জনের মৃত্যু হলো। এর মধ্যে শুধু সেন্টেফরেই মারা গেছে ১৪৮ জন। এছাড়া অক্টোবরের গত পাঁচ দিনে ৩৬ জন, আগস্টে ৪৩ জন ২ এর পাতায় দেখুন

ভোলায় একযুগেও বিচার হয়নি চাঞ্চল্যকর খুন্সু হত্যার

কীর্তনখোলা রিপোর্ট

দীর্ঘ এক যুগেও বিচার হয়নি ভোলার চাঞ্চল্যকর খুন্সুহত্যা মামলার। মেয়ে হত্যার বিচার চাইতে গিয়ে থানা পুলিশ উকিল মুহুরি আর আদালতের বারাদায় ঘুরতে ঘুরতে সর্বশেষ খুন্সুর বাবা শেখ ফরিদ ক্লাস্ত হয়ে পড়েছেন। শনিবার পরিকা অফিসে এসে কান্নায় ভেঙে পড়েন এই বৃদ্ধ। সাংবাদিকদের জানান, মেয়ের বিচার চাইতে গিয়ে হামলা মামলার শিকার হয়েছেন। মামলা ভুলে নেওয়ার জন্য টাকার প্রলোভন দেখানো হয়েছিল। রাজি না হওয়ায় প্রাণ নাশের হুমকিতে অব্যহত আছে আজও। মামলার খরচ জোগাতে গিয়ে জায়গা জমি এমন কি ঘর ও ঘরভিটি বিক্রি করে দিয়েছেন। বাসের হেলপারির চাকরি করতেন। সেই চাকরিও হারিয়েছেন। সব হারিয়ে শেখ ফরিদ এখন অটোরিক্সা চালিয়ে সংসার চালাচ্ছেন। মৃত্যুর আগে তিনি মেয়ে হত্যার ন্যায় বিচার দেখে যেতে চান। শেখ ফরিদ জানান, এই হত্যার সাথে তার নিজের বাড়ির লোকজন জড়িত থাকায় তিনি হুমকির মধ্যে চরম মানবতের জীবন যাপন করছেন। মামলার সংশ্লিষ্ট নথি থেকে জানা যায়, ২০১১ সালের ১২ অক্টোবর রাতে খুন্সুমনি (১৮) ভোলার সদর উপজেলার উত্তর দীঘলদি ২ এর পাতায় দেখুন

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা প্রতিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাঙ্গিরাপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আত্মহীরা প্রতিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৫১৯

মম্মাদকীয় প্রধানমন্ত্রীর কঠোর বার্তা

ক্ষমতাসীন দলের নেতাকর্মীরা অন্যা্য করে পার পেয়ে যান–দেশের মানুষ বহুকাল থেকে এমনটিই দেখে আসছে। ঠিক এই জায়গায় প্রধানমন্ত্রী তারেক রহমান বিরল উদাহরণ সৃষ্টি করেছেন। মিরপুরে রাভডা এমসিএইচ-এরূপি সেন্টারে হামলা, ভাঙচুর ও লুটপাটের ঘটনায় জড়িত থাকার অভিযোগে বিএনপির সরেক্ষিত নারী আসনের সংসদ সদস্য ফেরদৌসী আহমেদ মিষ্টিকে পদত্যাগের নির্দেশ দিয়েছেন। গত বৃহস্পতিবার তাঁর সেই নির্দেশ কার্যকরও হয়েছে। জাতীয় সংসদের শিকার হাফিজ উদ্দিন আহমদের সঙ্গে শাফাৎ কের পদত্যাগপত্র জমা দিয়েছেন মিষ্টি। দলীয় এমপির বিরুদ্ধে এমন কঠোর অবস্থান দলের সর্বস্তরের নেতাদের জন্যও বিশেষ বার্তা বলে মনে করা হচ্ছে, যা একটি রাজনৈতিক দলে শৃঙ্খলা ফেরাতে অপরিহার্য। রাভডা স্বাস্থ্যকেন্দ্রে হামলার ঘটনা ঘটে ২৪ সেপ্টেম্বর মধ্যরাতে। সেই সময় প্রধানমন্ত্রী তারেক রহমান জাতিসংঘে সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিতে যুক্তরাষ্ট্রে অবস্থান করছিলেন। জাতিসংঘে বিশ্বমঞ্চে দাঁড়িয়ে তিনি সম্মাননাময় বাংলাদেশের কথা ভুলে বলেন। অতঃ নেশান থেকে ফিরে এসেই তাকে রাজভাড়াৎকে বরদান। খেতক দেশানের জড়িত থাকার অভিযোগের কথা বলতে হয়। খবরে বলা হয়, শুরু থেকেই প্রধানমন্ত্রী এ ব্যাপারে অনমনীয় ছিলেন। যুক্তরাষ্ট্র থেকে দেশে ফিরেই প্রধানমন্ত্রী রাভডা স্বাস্থ্যকেন্দ্রে হামলাসহ অন্যান্য ঘটনার তথ্য-উপাত্ত সংগ্রহের নির্দেশ দেন। রাভডার ঘটনায় কী ব্যবস্থা নেওয়া যায়, তা নিয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ দায়িত্বশীল ব্যক্তিদের সঙ্গে কথা বলেন। এমন প্রেক্ষাপটে প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন জানান, ফেরদৌসী আহমেদ মিষ্টিকে পদত্যাগের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। এ ঘটনায় সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে জামায়াত থেকে বহিষ্কারের ঘটনাও আলোচনায় এসেছে। দ্বিতীয় জ্ঞী মরিয়ম আক্তারের আত্মহত্যার প্ররোচনার মামলার জামায়াত গাজী নজরুল ইসলামকে দল থেকে বহিষ্কার করলেও পদত্যাগের নির্দেশ দেয়নি। এতে তাঁর সংসদ সদস্য পদও শূন্য হয়নি। এ প্রসঙ্গে অ্যাটর্নি জেনারেল মো. কহুল কুদ্দুস কাজল বলেন, ‘জামায়াত না পারলেও প্রধানমন্ত্রী তারেক রহমান পেরেছেন। এখানে মেসেজ কন্ডেম স্ক্রয়ার ৷’ রাজনৈতিক বিশ্লেষকরাও বঝছেন, দলীয় কোনো এমপির বিরুদ্ধে অভিযোগা ঠাঠার পর এত দ্রুত পদত্যাগের নির্দেশ দেওয়ার ঘটনা অতীতে বিরল। রাভডাকাণ্ডে মিষ্টি ছাড়াও বিএনপির আরো কয়েকজন নেতাকর্মীর নাম এসেছে। তাঁদের মধ্যে অনেকেই রাজনৈতিক পদ থেকে বহিষ্কার করা হয়েছে। অভিযোগ রয়েছে, দ্বিির ঘনিষ্ঠ হিসেবে অনেকেই এলাকার নানা অপকর্মে জড়িত। স্বরাষ্ট্রমন্ত্রী জাহাঙ্গীর আলম বলেনছেন, তদন্তে দোষ প্রমাণিত হলেই আইনানুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। তবে ওয়াকিফহাল মহলা মনে করেন, রাভডাকাণ্ডে কর্তারতা দেখানোর পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে আরো জোরালো ভূমিকা নেওয়া প্রয়োজন। এর আগে অন্তর্বর্তী সরকারের আমলে আইন-শৃঙ্খলা পরিস্থিতির মারাত্মক অবনতি দেখা গেছে। বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর সার্বিক পরিস্থিতি নিয়ে স্বাঞ্ছি পুরোপুরি কাটেনি। বিভিন্ন স্থানে ক্ষমতাসীন দলের নেতাকর্মীদের বিরুদ্ধে নানা অভিযোগ আসছে। কাজেই রাজনৈতিক পরিচয় যেন কোনো অপকর্মের ঢাল না হয়, তা সরকারকে নিশ্চিত করতে হবে।

জেলা পরিষদের প্রায় ১১ কোটি

প্রকল্পের বিল পরিশোধের তাগিদে গত বছরের ৪ জন ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তার নামে পে-অর্ডারের মাধ্যমে তিন কর্মদিবসের মধ্যে সমুদায় অর্থ ফেরত চেয়ে চিঠি দেওয়া হয়। তবে নির্ধারিত সময়ে অর্থ পরিশোধ করা হয়নি। পরবর্তীতে একই বছরের ১৬ সেপ্টেম্বর সর্বোচ্চ পাঁচ কর্মদিবসের মধ্যে টাকা পরিশোধের আশ্বাসের সত্তাপটি মো. শহিদুল ইসলামের নামে ইস্যু করা পরিষদ। এর জবাবে ন্যাশনাল ব্যাংক বরিশাল শাখার ব্যবস্থাপক মো. আবু মুহা জেলা পরিষদকে জানান, বিষয়টি প্রধান কার্যালয়কে অবহিত করা হয়েছে। কিন্তু প্রধান কার্যালয় থেকে মৌলিকভাবে জানানো হয়েছে, ব্যাংকের তারল্যসংকট কাটেনি। ফলে ওই মতুহতে পে-অর্ডার দেওয়া সম্ভব হচ্ছে না। তবে সংকট অচিরেই কেটে যাবে এবং তারল্য পরিস্থিতি স্বাভাবিক হলে অগ্রাধিকার ভিত্তিতে জেলা পরিষদের অর্থ পরিশোধ করা হবে বলে আশ্বাস দেওয়া হয়। এদিকে অর্থ আটকে থাকার মধ্যে নলশ্রী, দিদিহার, নেছারিয়া হাফেজিয়া মাদ্রাসা ঈদগাহ প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি মো. শহিদুল ইসলামের নামে ইস্যু করা ১ লাখ টাকার একটি চেক (নং-৪৬৪৫৩৭২) ব্যাংকে উপস্থাপন করা হলে তা প্রত্যক্ষানুক্র করা হবে বলে আইনি নোটিশে উল্লেখ রয়েছে। এ পরিস্থিতিতে চলতি বছরের ২৯ এপ্রিল বরিশাল জেলা আইনজীবী সমিতির সদস্য ও জেলা পরিষদের লিগ্যাল অ্যান্ডভাইজার আলহাজ্ব মো. আলী আহমেদ ব্যাংক ব্যবস্থাপককে আইনি নোটিশ পাঠান। জেলা পরিষদের প্রশাসনিক পক্ষে পাঠানো ওই নোটিশে ১৫ দিনের মধ্যে সমুদায় অর্থ পে-অর্ডারের মাধ্যমে পরিশোধের আহ্বান জানানো হয়। অন্যথায় আইনগত ব্যবস্থা নেওয়ার কথা বলা হয়। তবে আইনি নোটিশের পরও এখন পর্যন্ত অর্থ ফেরত পাওয়া যায়নি। মঙ্গলবার বরিশাল জেলা পরিষদের প্রশাসক ও বিএনপির কেন্দ্রীয় কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক (বরিশাল বিভাগ) আকন কুদ্দুসুর রহমান ব্যাংকের শাখা ব্যবস্থাপক মো. আবু মুসাকে জেলা পরিষদে ডেকে এনে অর্থ ফেরত দেওয়ার সমস্যাগুলো জানতে চান। তবে ব্যাংক ব্যবস্থাপক নির্দিষ্ট কোনো তারিখ জানাতে পারেননি। এ বিষয়ে বরিশাল জেলা পরিষদের প্রশাসক আকন কুদ্দুসুর রহমান বলেন, জেলা পরিষদের মধ্যে একটি সরকারি প্রতিষ্ঠানের কোটি কোটি টাকা দীর্ঘদিন ধরে ব্যাংকে আটকে থাকবে—এটি কোনোভাবেই স্বাভাবিক বরিয় হতে পারে না। বারবার লিখিতভাবে টাকা ফেরত চাওয়া হয়েছে, আইনি নোটিশও দেওয়া হয়েছে। এরপরও ব্যাংক কর্তৃপক্ষ নির্দিষ্ট কোনো সমস্যসীমা দিতে পারছে না। তিনি আরও বলেন, ‘তারল্য সংকট’ দেখিয়ে দিয়েছেন পর দিন সরকারি প্রতিষ্ঠানের অর্থ আটকে রাখা হলে জেলা পরিষদের ঠিকাদারদের বিল এবং উন্নয়ন প্রকল্পের কার্যক্রম মারাত্মকভাবে বাধাগ্রস্ত হয়। এর দায়ভার জেলা পরিষদ বহন করবে কেন—এ প্রশ্নের জবাব ব্যাংক কর্তৃপক্ষকেই দিতে হবে। জেলা পরিষদের উন্নয়ন কার্যক্রম সচল রাখা এবং গছিত সরকারি অর্থ উদ্ধারে প্রয়োজন হলে আইনগতসহ সর্বশ্রুতি সব ধরনের ব্যবস্থা নেওয়া হবে। এ বিষয়ে জানতে চাওয়া হলে ন্যাশনাল ব্যাংক কর্তৃপক্ষ কোনো মন্তব্য করতে রাজি হয়নি।

বরিশালে লাফিয়ে লাফিয়ে

বাসিন্দা। এই বিভাগে গত জুন মাসে ডেপুত্রে একজনের মৃত্যু হয়েছে। এরপর জুলাইয়ে ৭ জন, আগস্টে ৯ জন ও সেপ্টেম্বরে ১ জনের মৃত্যু হয়েছে ডেপুত্রে। আর চলতি অক্টোবর মাসের প্রথম পাঁচ দিনে মারা গেছেন তিনজন। সব মিলিয়ে এ বছর বিভাগে ২১ জনের মৃত্যু হয়েছে ডেপুত্রে (৫ অক্টোবর পর্যন্ত)। এর মধ্যে ১৮ জনই মারা গেছেন বরিশালের শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে। অন্য তিনজনের মৃত্যু হয়েছে পিরোজপুর, গুট্টাখালী ও ঝালকাঠিতে। সেপ্টেম্বরে ডেপু রোগী অনেকটা বেড়ে গেছে এবং এখনো অব্যাহত আছে। পরিস্থিতি সামাল দিতে আশ্রাণ চেষ্টা চলছে। হাসপাতালে আসা রোগীদের চিকিৎসাপত্র দেওয়ার ব্যাপারে সব ধরনের প্রস্তুতি আছে। বরগুণা এবং ডেপু রোগী কমার বিষয়ে জেলা সিভিল সার্জেন মোহাম্মদ আবুল ফাফাহ বলেন, গত বছরের ডেপু পরিস্থিতির অভিজ্ঞতা থেকে চলতি বছর আগাম প্রস্তুতি নেওয়া হয়েছে। মানুষ যাতে আক্রান্ত না হন, সে জন্য বাড়ির চারপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে বিভিন্ন কার্যক্রম চালানো হয়েছে। সোমবার দুপুরে বরিশালের শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে গিয়ে দেখা যায়, মেডিসিন ওয়ার্ডে অন্য রোগীদের সঙ্গেই ডেপু

রোগীদের চিকিৎসা চলছে। এর ফলে রোগীর চাপে অনেকে শয্যা না পেয়ে মেঝেতে থেকে চিকিৎসা নিচ্ছেন। সকাল পর্যন্ত এ হাসপাতালে ডেপু রোগী ভর্তি ছিলেন ১৪৮ জন। গত ২৮ সেপ্টেম্বর থেকে ডেপু জ্বর নিয়ে হাসপাতালে ভর্তি আছেন ঝালকাঠির সাহানুর বেগম। হাসপাতালে কথা হয় তাঁর সঙ্গে। তিনি বলেন, ‘সিট (বিছানা) খালি নাই, ফ্লোরে জায়গা পাইছি। থাকতে খুব কষ্ট অয়, কিন্তু করমু কী?’ সাত দিন ধরে জ্বর কমছিল না, তাই রোববার হাসপাতালে ভর্তি হন বরিশাল সদর উপজেলার বাসিন্দা সাকিব হাসান। তিনি বলেন, বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা বাইরে থেকে করাতে হচ্ছে। এতে চিকিৎসা ব্যয় অনেক বেড়ে গেছে। বরিশাল বিভাগে এবার সবচেয়ে বেশি ডেপু রোগী শনাক্ত হয় পিরোজপুরে, ৩ হাজার ২২৬ জন। এরপর ঝালকাঠিতে ২ হাজার ৩২৭ এবং বরগুণায় ১ হাজার ৭০১ জন। ২০২৪ সালে পিরোজপুরে ডেপু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছিলেন ১ হাজার ১৫৩ জন। এর মধ্যে মৃত্যু হয় তিনজনের। ২০২৫ সালে ডেপু রোগীর সংখ্যা ছিল ১ হাজার ৭৫৪। তবে ওই বছর ডেপুতে কারও মৃত্যু হয়েছে কি না, সে তথ্য পাওয়া যায়নি। চলতি বছরের ৫ অক্টোবর পর্যন্ত ডেপু শনাক্ত রোগীর সংখ্যা ছিল ৩ হাজার ২২৬। এর মধ্যে মৃত্যু হয়েছে একজনের। পিরোজপুরে ডেপু রোগী বেশি শনাক্ত হওয়ার বিষয়ে জেলা সিভিল সার্জন মো. মতিউর রহমান বলেন, স্বাস্থ্য বিভাগের মাধ্যমে আইইউসিআরের একটি বিশেষজ্ঞ দল পিরোজপুরে কাজ করেছে। তাদের পর্যবেক্ষণে দেখা গেছে, মশার প্রজননস্থল হিসেবে সুপারি ও নারকেলগাছের গোড়া, নারকেলের খোসা, নির্মাণাধীন ভবন, সুপারি-নারকেল ও পেয়ারাবাগানের নারিসহ বিভিন্ন জায়গায় জমে থাকা পানির তথ্য চিঠে এসেছে। স্থানীয় বাসিন্দাদের সচেতনতার ঘাটতিও রয়েছে বলে বিশেষজ্ঞ দলটি জানিয়েছে। অন্যদিকে গত দুই বছরের তুলনায় বরগুণায় চিহ্ন এবার ভিন্ন। ২০২৪ সালে এ জেলায় ২ হাজার ৪৫১ জন ডেপু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছিলেন। এর মধ্যে মৃত্যু হয় চারজনের। ২০২৫ সালে রোগীর সংখ্যা ছিল ৯ হাজার ৬৪৫। এর মধ্যে মৃত্যু হয় ১৫ জনের। একই বছর বরগুণাকে ডেপুের হটস্পট হিসেবে চিহ্নিত করে স্বাস্থ্য বিভাগ। চলতি বছরের সোমবার পর্যন্ত বরগুণায় ডেপু শনাক্ত হয়েছে ১ হাজার ৭০১ জনের। এখন পর্যন্ত কারও মৃত্যুর তথ্য জানা যায়নি। স্বাস্থ্য বিভাগের তিন বছরের হিসাবেও ডেপুের বিস্তারের পরিবর্তনটি স্পষ্ট। ২০২৪ সালে বরিশাল বিভাগে ডেপু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছিলেন ৮ হাজার ৭৭৩ জন। এর মধ্যে মৃত্যু হয় ৬৪ জনের। ২০২৫ সালে রোগী বেড়ে দাঁড়ায় ২১ হাজার ৮১৫ জনে। এর মধ্যে মৃত্যু হয় ৫১ জনের। বরিশাল বিভাগে ২০১৯ সালে প্রথমবারের মতো ডেপুের প্রকোপ দেখা দেয়। এর আগে বিভাগে ডেপুের কোনো ইতিহাস ছিল না বলে জানায় বিভাগীয় স্বাস্থ্য অধিদপ্তর। এরপর কয়েক বছরের ব্যবধানে রোগটি বিভাগের বিভিন্ন জেলায় ছড়িয়ে পড়ে। বরিশাল বিভাগের স্বাস্থ্য অধিদপ্তরের উপপরিচালক মো. লোকমান হাকিম বলেন, সেপ্টেম্বরে ডেপু রোগী অনেকটা বেড়ে গেছে এবং এখনো অব্যাহত আছে। তাঁরা পরিস্থিতি সামলানি তা আশ্রাণ চেষ্টা করে যাচ্ছেন। হাসপাতালে আসা রোগীদের চিকিৎসাসেবা দেওয়ার ব্যাপারে সব ধরনের প্রস্তুতি আছে।

সরকার দামবন্ধি করে

ইসলামী বাংলাদেশের ইমসচিব মাওলানা গাজী আতাউর রহমান। তিনি বলেন, অধিকাংশ সমস্যাই অব্যবস্থাপনা, অদক্ষতা, সিলিভেকর্ডবাজি ও চাঁদাবাজির কারণে সৃষ্ট। সরকার এই ক্ষেত্রে যেনোযোগ না দিয়ে দামবন্ধি করে সমাধান করতে চায়। এমন বাস্তবতায় ইসলামী আন্দোলন বাংলাদেশ স্পষ্ট করে দিা জানাচ্ছে, জনগণের গাকেট কাটা বন্ধ করুন, অসুস্থ চরুকে লালন না করে মৃত্যুর ব্যবস্থা নিন। মঙ্গলবার (৬ অক্টোবর) ইসলামী আন্দোলন বাংলাদেশের কেন্দ্রীয় কার্যালয়ে দলের নির্মাতা বৈঠকে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। দলের কেন্দ্রীয় মিডিয়া সেলের প্রধান সমস্বয়কে এম শরীয়াহুদ্ব্লাহ এ তথ্য জানান। বৈঠকে উপস্থিত ছিলেন যুগ্ম মহাসচিব মাওলানা শেখ ফজলে বাবী মাসুদ, ইঞ্জিনিয়ার আশরাফুল আলম, মাওলানা নেছার উদ্দিন, শাহ ইফতেখার তারিক, সহকারী মহাসচিব কে এম আতিকুর রহমান, মাওলানা আহমদ আব্দুল কাইয়ুম, মাওলানা লোকমান হোসাইন জাফরীসহ কেন্দ্রীয় নেতারা।

সরকারের ভালো কাজে সহযোগিতা

জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা শফিকুর রহমান। মঙ্গলবার রাজধানীর মিস্টে রোডে বিরোধীদলীয় নেতার ব্যবভবনে শফিকুর রহমানের সঙ্গে বৈঠক করেন বাংলাদেশে টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশনের (টিটিএমএ) নেতারা। বৈঠক শেষে এক সংবাদ সম্মেলনে বিটিএমএ নেতাদের জামায়াত আমিরের দেওয়া এমন আশ্বাসের কথা জানান দলের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। মিয়া গোলাম পরওয়ার জানান, বৈঠকে জামায়াত আমির বিটিএমএ নেতাদের বলেনে, অতীতের দলগততার মতো কেবল বিরোধিতার খাতিরে বিরোধিতা করার কাত্যচর তাঁরা লালন করেনি। এ গোলাম পরওয়ার বলেন, ‘আমাদের পার্লামেন্টে বর্তমান বিরোধী দল যে পলিসি অনুসরণ করছে তা হলো, সরকারের সব ভালো কাজে আমরা সহযোগিতা করব, সব জনস্বার্থবোধী কাজে প্রতিবাদ করব, তাঁদের ভুল ধরিয়ে দেন এবং সরকার যখন জনস্বার্থের বিরুদ্ধে যাবে, তখন প্রয়োজন হলে প্রতিবাদ, সমালোচনা ও প্রতিরোধ করা—এ ভূমিকা বিরোধী দলে গঠনমূলকভাবে আমরা পালন করব।’ সংবাদ সম্মেলনে বিটিএমএয়ের ভাইস প্রেসিডেন্ট শফিকুল ইসলাম সরকার বলেন, ‘বৈঠকে আমরা দলকে (শফিকুর রহমান) অবহিত করেছি যে, দিগদান অনেক সমস্যার সম্মুখীন আমরাছি। এই সমস্যাসমূহা আমরা পণ্যমধ্যম ও সরকারের কাছে সরাসরিও জানিয়েছি। সরকারও বিভিন্ন সময় আমাদের সমস্যা খুব ধৈর্য সরকারে সুনিয়ে এবং এক্সেস করেছে।’ প্রধানমন্ত্রী তারেক রহমান এবং অনেকে সমস্যা৷ ইতিমধ্যেই সমাধান করেছেন জানিয়ে শফিকুল ইসলাম সরকার আরও বলেন, ‘কিছু কিছু সমস্যা নিয়ে আমরা এখনো কাজ করছি। বিরোধীদলীয় নেতা আমাদের আশ্বস্ত করেছেন যে, সরকারের সঙ্গে আলোচনা ও সহযোগিতার মাধ্যমে এ সমস্যাগুলোর সমাধান যাতে দ্রুত পাওয়া যায় সে ব্যাপারে উনিও আলোকপাত করবেন।’ বিটিএমএ নেতা জানান, গ্যাস ও বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে কিছুটা উন্নতি হলেও কয়েকটি কারণনা এখনো সমস্যার মুখোমুখি হচ্ছে বলে তাঁরা জানিয়েছেন। এসব সমস্যা দ্রুত সমাধানের প্রয়োজনীয়তার কথাও তাঁরা ভুলে ধরেনে। এ ছাড়া এনার্জি বত ও সুতারা অপব্যবহারসহ সর্বশ্রুতি কিছু বিষয় নিয়েও সরকারের সঙ্গে তাঁদের আলোচনা চলছে বলে তাঁরা জানিয়েছেন। বৈঠকে মৃত্যু ও উপস্থিত ছিলেন জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল এহসানুল মাহবুব জুবায়ের, কেন্দ্রীয় নির্বাহী পরিদদ সদস্য মোবারক হোসাইন, নূরুল ইসলাম বুলবুল, মো. সেলিম উদ্দিন, বিটিএমএয়ের প্রেসিডেন্ট শওকত আজিজ রাসেল, পরিচালক মো. শাহিদ আলম, সাবেক ভাইস প্রেসিডেন্ট হোসেন মেহমুদসহ অনেকে।

তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা

নেওয়ার বিধান ফিরিয়ে আনা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহুদ্দিন আহমদ। তিনি বলেনে, সংবিধানের ১৪২ অনুচ্ছেদে গণভোটের যে বিধান ছিল, তা পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে বাতিল করা হয়েছিল। আদালতের রায়ে ওই বাতিলের সিদ্ধান্ত অসংবিধানিক ঘোষিত হওয়ায় সংশোধিত সংবিধানে গণভোটের বিধান পুনরায় অন্তর্ভুক্ত করা হলে। মঙ্গলবার (০৬ অক্টোবর) জাতীয় সংসদে জুলাই গণঅভ্যুত্থানে নিহতদের পরিবারের প্রতিনিধি ও ‘জুলাই যোদ্ধাদের’ সঙ্গে সংবিধান সংশোধন সম্পর্কিত বিশেষ কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের

ব্রিফিংকালে এসব কথা বলেন তিনি। সালাহউদ্দিন আহমদ বলেন, ‘যে সংশোধনীটা আমরা সামনে গ্রহণ করব—সে জায়গায় এমন কিছু আটিকেলের পরিবর্তন, সংশোধন সংযোজন আসবে; যেগুলো পরিবর্তনে সংশোধনের পূর্ববর্তী রাষ্ট্রপতির স্বাক্ষরের আগে গণভোটের ব্যবস্থা করতে হবে। সেটা হচ্ছে সাংবিধানিক গণভোট। আগে যে গণভোট হয়েছে সেটা আইনি গণভোট। এই সাংবিধানিক গণভোটটা আমাদের সাংবিধানিক বাধ্যবাধকতা।’ মন্ত্রী বলেন, ‘যে সংশোধনটা আমরা সামনে আনব—সেখানে প্রস্তাবনা, রাষ্ট্র পরিচালনার মূলনীতিসহ মৌলিক বিষয়গুলোতে পরিবর্তন আসবে। আটিকেল ৪৮ ও ৫৬-এ আসবে, তত্ত্বাবধায়ক সরকারকে আমরা কেন ধারণ করব, সেই বিষয়গুলো আসবে।’ তিনি বলেন, ‘আটিকেল ১৪২-এ যেখানে গণভোট ছিল না, শেখ হাসিনার ফ্যানসিষ্ট সরকার সেটা উড়িয়ে দিয়েছিল। সেখানে আবার সেটা আমাদের ধারণ করতে হবে।’ তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা সংবিধানে পুনরায় অন্তর্ভুক্ত করা হলে ভবিষ্যতে যাতে সহজে কেউ তা পরিবর্তন করতে না পারে, সে বিষয়েও সাংবিধানিক সুরক্ষা রাখার কথা জানান স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, ‘তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা পুনরায় আমরা সংবিধানে অন্তর্ভুক্ত করলে সেটা যাতে ভবিষ্যতে কেউ সহজে পরিবর্তন করতে না পারে, সেজন্য আমরা ওইটা পরিবর্তন করলেও ভবিষ্যতে জনগণের কাছে যাতে যেতে হয়, সেটার গণভোটের বিধান রাখতে হবে। সেজন্য এই পরিবর্তনগুলো এবং এই সাংবিধানিক সংশোধনীগুলো আমরা সংবিধানে নিয়ে আসলে সাংবিধানিক বাধ্যবাধকতা অনুসারে আমাদের গণভোটে দিতে হবে।’ সংবিধানে বর্তমানে গণভোটের বিধান নেই—এমন বক্তব্যের বিষয়ে সালাহউদ্দিন আহমদ বলেন, ‘আমি দুই-এক জায়গায় অনছি, কেউ কেউ বলছেন—সংবিধানে তো গণভোট নাই। আমরা কেন গণভোটের কথা বলছি? সংবিধান সংশোধনের পরে।’ তারা সঠিক কথা বলছেন না।’ এ প্রসঙ্গে মন্ত্রী বলেন, ‘পঞ্চদশ সংশোধনের মাধ্যমে আটিকেল ১৪২ থেকে যে গণভোটের বিধানটা তুলে দেওয়া হয়েছিল, সেটার বৈধতা ছিল না। এবং সৌতিকে অসংবিধানিক ঘোষণা করে ইতোমধ্যে হাইকোর্ট থেকে রায় দেওয়া হয়েছে। অর্থাৎ আগে যা ছিল, তাই সঠিক।’ এ প্রসঙ্গে ‘ডকট্রিন অব ইক্সিপস’-এর কথা উল্লেখ করে তিনি বলেন, ‘অনেকে বলছেন, সেটা তো অটোমেটিক বহাল হয় না। এখানে আমরা বক্তব্য হচ্ছে, সাংবিধানিক প্রক্রিয়ায় একটা ডকট্রিন আছে। এটা হচ্ছে ডকট্রিন অব ইক্সিপস।’ বিষয়টি ব্যাখ্যা করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ‘এটা যারা আইনে প্রফেসরি করেন, আইনের ছাত্র তারা জানেন। চন্দ্রশ্রহণ যখন হয়, গ্রহণটা সরে গেলে চাঁদটা আবার আসে সেটা যায়। এটাকে বলা হয় ডকট্রিন অব ইক্সিপস। ওই সংবিধানের যে বিধানটা পরিবর্তন করে গণভোট বাতিল করে দিয়েছিল, সেটাকে অসংবিধানিক ঘোষণা করেছে হাইকোর্ট। সুতরাং আগেরটা বহাল হয়েছে।’ তিনি আরও বলেন, ‘এখানে একটা আইনের জটিল প্রশ্ন আছে। সেটা যতদিন পার্লামেন্টে আবার সংবিধানে ধারণ না করবে, ততদিন পূর্ণাঙ্গভাবে প্রতিস্থাপিত হয়েছে বলা যাবে না। তবে বিচার বিভাগ তাদের যে রায় দিচ্ছে, সেই রায় অনুসারে সংবিধানে আমরা এই সংশোধনীতে সেটা ধারণ করব।’

বাংলাদেশকে একটি মানবিক দেশ

চোয়ারম্যান তারেক রহমান। তিনি বলেন, শুধু মানুষের প্রতি মানুষ দয়া করবে না। মানুষ প্রকৃতির প্রতি দয়া করবে। মানুষ দয়া দেখাবে প্রকৃতির সৃষ্টির সবকিছুর প্রতি এবং আমি দুচুড়িতে বিশ্বাস করে তোমরা সেটি করতে সক্ষম হবে। মঙ্গলবার (৬ অক্টোবর) বাংলাদেশ শিশু একাডেমিতে আয়োজিত এক আলোচনা সভায় তিনি এ মন্তব্য করেন। শিশু কিশোরদেরকে উদ্দেশ্য করে প্রধানমন্ত্রী বলেন, তোমরা যখন বড় হবে, তোমারা চেষ্টা করবে তোমার আশেপাশে যে প্রকৃতি আছে, অর্থাৎ তোমার আশেপাশে যে গাছপালা আছে, তোমার বাড়ির আশেপাশে হোক তোমার স্কুলের মধ্যে হোক ভূমি যেখানে যেই জায়গাটি পছন্দ করবে সেই জায়গাটিকে ধারণে থাকে, যদি কোনো গাছ থাকে যেটি তোমার মতো ধীরে ধীরে বড় হচ্ছে। সেই গাছটি যাতে তোমার মতো বড় হতে পারে। ভূমি গাছটিকে সাহায্য করো। ভূমি গাছটিকে পানি দাও। ভূমি গাছটিকে যত্ন করো যাতে সেটি বড় হতে পারে। ভূমি যেখানে থাকে। তোমার বাসায় হোক, তোমার স্কুলে হোক, সেখানে কোনো না কোনো পশুপাখি তোমার আশেপাশে থাকে। এই পশুপাখিও কিন্তু এই দেশের সম্পদ। অর্থাৎ তোমার দেশের সম্পদ। তোমার সম্পদ ভূমি চেষ্টা করো পশুপাখির প্রতি সদয় দেওয়ার জন্য। ভূমি চেষ্টা করো সেই পশুপাখির প্রতি দয়া দেখানোর জন্য। তাকে বিভিন্নভাবে সহযোগিতা করো। অভিজ্ঞতাকর্মের প্রতি আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, শিশুকে এই অনুভূতিকু, বোধটুকু দিন যে, যাতে করে সে প্রকৃতির প্রতি কাইভ হয়। যাতে করে সে প্রকৃতির সৃষ্টি পশুপাখির প্রতি কাইভ হয়। আমরা যদি সবাই মিলে চেষ্টা করি আমাদের শিশুদের মধ্যে এই অনুভূতিটা দিতে, এই বোধ শক্তি দিতে। আমি দুচুড়িতে বিশ্বাসী ইনশাআল্লাহ আমরা একদিন একটি মানবিক বাংলাদেশ পড়ে তুলতে সক্ষম হবো। আমরা যদি প্রকৃতির প্রতি সদয় হই, অবশ্যই প্রকৃতিও আমাদের প্রতি সদয় হবে। কাজেই প্রকৃতির ভেতরেই যেহেতু আমরা বেড়ে উঠি, কাজেই পাশাপাশি যেহেতু আমরা থাকি, সেজন্যই আমরা আমাদের শিশুদেরকে এখন থেকে সেই বোধ শক্তিতে দেওয়ার চেষ্টা করি, যে প্রকৃতির সঙ্গে বেঁচে থাকতে হলে, প্রকৃতির ভেতরে বেঁচে থাকতে হলে আমাদেরকে প্রকৃতিকেও সহযোগিতা করতে হবে। প্রকৃতিতেও প্রকৃতি মতো করে তাদেরকে যেতে দিতে হবে। তাকে সহযোগিতা করতে হবে। তারেক রহমান বলেন, তোমরা যদি এ ব্যাপারে সচেতন হও, তাহলে আমরা একটা সুন্দর একটি বাংলাদেশ তুলতে পারবো। সুন্দর একটি পরিবেশ গড়ে তুলতে পারবো। তোমরা যখন রাষ্ট্রা দিয়ে ইটচালা করো নিচুইই তোমরা খেয়াল করে দেখেছ যে, বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম আবর্জনা বা ময়লা পড়ে থাকে। যেভাবেই হোক, আমাদের দেশের অধিকাংশ মানুষ একটু অসচেতন। যে-কোনো ময়লায়, যে-কোনো আবর্জনা, যে-কোনো জিনিস ব্যবহার হয়ে গেলে সেটি যদি কোনো প্যাকেটে থাকে বা কিছু থাকে, আমরা অসচেতন ভাবে যে-কোনো জায়গায় আমরা ফেলে দেই। আমাকে একটু তোমরা সাহায্য করো। ‘ভূমি যেহেতু বড় হচ্ছে, তোমার সামনে কোনো বড় মানুষ যদি কোনো একটি ময়লা বা আবর্জনা বা অব্যবহৃত কোনো জিনিস যন্ত্র যদি ফেলে দিয়ে পরিবেশকে ক্ষতি করে, পরিবেশকে নষ্ট করে, পরিবেশকে ময়লা করে। ভূমি ছোট হিসেবে, ভূমি তাকে লজ্জা দিয়ে বলতে পারো যে, ময়লাটি সঠিক জায়গায় ফেলুন। আর্পনি যদি পরিবেশে নষ্ট করেন, আপনি যদি পরিবেশকে ময়লা করেন, তাহলে আমি ক্ষতিগ্রস্ত হবো। আমি আজকের শিশু, আমি ক্ষতিগ্রস্ত হবো। আমি ক্ষতিগ্রস্ত হব। মানে বাংলাদেশের লক্ষ কোটি শিশু ক্ষতিগ্রস্ত হওয়া, বলেন প্রধানমন্ত্রী।

পিকআপের সঙ্গে মোটরসাইকেলের

যাওয়ার সময় বৈদ্যেরপুল এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি পিকআপের সঙ্গে মুশোমলি সংঘর্ষ হয়। এতে মোটরসাইকেলটির নিয়ন্ত্রণ হারিয়ে বাবা ও মেয়ে সড়কে ছিটকে পড়ে গুরুতর আহত হন। পরে স্থানীয়রা তাদের উদ্ধার করে রাধা সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক শিশু ভোলা আক্তারকে মৃত ঘোষণা করেন। অন্যদিকে, সোহেলের শারীরিক অবস্থা সংকটাপন্ন হওয়ায় তাকে হাসপাতালে নিবিড় পর্যবেক্ষণে রাখাে চিকিৎসা দেওয়া হচ্ছে। এ ঘটনায় এলাকায় শোকের ছায়ে নেমে এসেছে। পুলিশ দুর্ঘটনাকবলিত মোটরসাইকেলটি উদ্ধার করেছে।

জীবনের নিরাপত্তা চিরকালই

করেনি; বরং তাদের মূল উদ্দেশ্য ছিল যেকোনো মুখে জনআন্দোলন দমন করা এবং ঔপনিবেশিক ক্ষমতা টিকিয়ে রাখা। দুঃখজনকভাবে, স্বাধীনতার পরবর্তী দশকগুলোতেও এই আইনের কাঠামোগত পরিবর্তন করা হয়নি। বিশেষ করে এই আইনের ৩ নম্বর ধারাটি, যা পুলিশ বাহিনীর ওপর সরকারের একচ্ছত্র প্রশাসনিক ও তদারকি নিয়ন্ত্রণ ন্যস্ত করেছে, তা প্রতিটি শাসকদলকেই পুলিশকে রাজনৈতিক স্বার্থে ব্যবহারের আইনি সুযোগ করে দিয়েছে। ফলে একটি রাষ্ট্রীয় সেবামূলক প্রতিষ্ঠান কালক্রমে রূপান্তরিত হয়েছে সরকারের রাজনৈতিক ‘ল্যাঠিয়াল বাহিনীতে’।

অন্তর্বর্তীকালীন সরকার ২০২৬ সালের ৩১ ডিসেম্বরের মধ্যে একটি দৃশ্যমান প্রাতিষ্ঠানিক পরিবর্তনের যে কড়া সময়সীমা বেঁধে দিয়েছিল, তা নিঃসন্দেহে একটি যুগান্তকারী রূপরেখা ছিল। কিন্তু এই সংস্কারকে যদি আমরা কেবল পোশাক পরিবর্তন, বদলি বা কিছু নতুন বিশেষায়িত ইউনিট গঠনের মধ্যে সীমাবদ্ধ রাখি, তবে তা দীর্ঘমেয়াদে ব্যর্থ হতে বাধ্য।

পরবর্তী সময়ে দেশে রাজনৈতিক পটপরিবর্তন ও নতুন সরকার গঠনের পর আমলাতান্ত্রিক জটিলতায় অন্তর্বর্তীকালীন সরকারের প্রস্তাবিত এই মৌলিক রূপান্তরগুলোর গতি অনেকটাই মন্থর হয়ে পড়েছে। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (TIB) এবং বিভিন্ন আন্তর্জাতিক মানবাধিকার সংস্থার পর্যবেক্ষণ অনুযায়ী, প্রস্তাবিত ‘স্বাধীন পুলিশ কমিশন অধ্যাদেশ’ ও গভীর কাঠামোগত সংস্কারগুলো এখনো পুরোপুরি বাস্তবায়িত করা সম্ভব হয়নি।

একটি দেশের অভ্যন্তরীণ স্থিতিশীলতা ও অর্থনৈতিক প্রবৃদ্ধির পূর্বশর্ত হলো ভয়হীন সামাজিক পরিবেশ। পুলিশকে রাজনৈতিক বিন্দদশা থেকে মুক্ত না করে সমাজে আইনের শাসন প্রতিষ্ঠা করার আশা করা অবাস্তব। যতক্ষণ না আমরা অন্তর্বর্তীকালীন সরকারের প্রস্তাবিত স্বাধীন পুলিশ কমিশনের মতো কাঠামোগত গলদগুলো আইনগতভাবে চিরতরে দূর করতে পারছি, ততক্ষণ কেবল ক্ষমতার হাতবদল হবে, কিন্তু সাধারণ মানুষের জীবনের নিরাপত্তা চিরকালই অধরা থেকে যাবে।

নাবিল নিশাত, সমাজগুষ্ঠিক

ভোলায় একযোগেও বিচার হয়নি

ইউনিয়নের ৩ নং ওয়ার্ড লামছিপাড়া গ্রামে বাবার বসত ঘরে ঘুমিয়েছিলেন। পরদিন ভোরে তাকে ঘরে পাওয়া যায়নি। পিতা থানায় অভি করে। ১৪ তারিখ ভোলা থানার পুলিশ বাড়ির পাশের বাগানে ময়দা অব্যবহৃত একটি পুকুর থেকে খুঁজমনির লাশ উদ্ধার করে। পুকুরের পাড় থেকে খুঁজমনির ওড়না, চুনের কাটা, জুসের খালি বোতল, চানাচুর, কেকের প্যাকেট, ৫০০ টাকার একটি নোট আশ্রমত হিসেবে উদ্ধার করে পুলিশ। এতে প্রাথমিকভাবে ধারণা করা হয় রাতে খুঁজমনিকে কে বা কারা তাকে নিয়ে পুকুর পাড়ে কথা বলে। এক পর্যায়ে তাকে হত্যা করে লাশ পুকুরে ফেলে দেওয়া হয়। মনে হত আর ঘটনায় পিতা শেখ ফরিদ অজ্ঞাতনামা আসামী করে ভোলা থানায় হত্যা মামলা দায়ের করেন। খুকুর বাবা জানান, পুলিশ দীর্ঘ তদন্ত করে খুকুর প্রাক্তন স্বামী মানিক ওরফে রুবেল ওরফে শাহিন, মানিকের পুত্রের স্ত্রী রাহিমা ওরফে সাহিলা, সবুজ, সফিজুলসহ বেশ কয়েকজনের বিরুদ্ধে হত্যাকাণ্ডে সাথে জড়িত বলে প্রমাণ পায়। আসামিদের মোবাইল ফোনে আড়ি পেতে এক পর্যায়ে পুলিশ অস্বাভূত মানিককে ঢাকা থেকে গ্রেফতার করে। মানিক আদালতে স্বীকারভূমিকৃৎ জবানবন্দি দানন করে। মানিককে গ্রেফতারের খবর পেয়ে অপর আসামীরা গা ঢাকা দেয়। কিন্তু রহস্যজনক কারণে পুলিশ একঝাড় মানিককে আসামী করে চার্জসীট দাখিল করেছে। অপর আসামীরা দীর্ঘ ৫ বছরের অধিক সময় ধরে পলাতক থাকার পর চূড়ান্ত চার্জসীট দাখিলের পর বাড়িতে ফিরে আসে। বাড়ি এসে শেখ ফরিদকে নানাভাবে হুমকি ধমকি দিয়ে চলতে। আসামী পক্ষ মামলাকে ভিন্না খাতে নেওয়ার চেষ্টা করে। রাজনৈতিক ক্ষমতা, টাকা পয়সা ব্যয় করে চলেছে। শেখ ফরিদ আরও জানান, খুকু হত্যার একবছর আগে আসামীদের মৃত্যুকে অগণহরণ করে ঢাকায় নিয়ে যায় এবং সেখানে দিয়ে করে বরজাড়া নেয়। কিছুদিন পর জানা যায় মানিকের আগের এক স্ত্রী এবং ছেলে আছে। এ নিয়ে ঝগড়া ফেসাদের এক পর্যায়ে খুকুর তাকাক পেয়ে মানিক। খুকু বাড়ি চলে আসে। বাড়ি আসার একমাস পর তাকে হত্যা করা হয়। শেখ ফরিদ চলতে পারেন তার নিজের বাড়ির সবুজ, সফিজুলসহ আরও কয়েক জনের সাথে মানিকের যোগাযোগ ছিল। ওই রাতে সন্তান এর মাধ্যমে মোবাইল ফোনে খুকুরে ঘর থেকে ফেলে নেয় মানিক। এর পর তাকে হত্যা করা হয়। এ ঘটনায় আরও কয়েকজন সহায়তাকরী ছিল। কিন্তু পুলিশ কেবল মামলাকে আসামী করেছে। এতে হত্যাকাণ্ডের সাথে জড়িতরা পার পেয়ে যাচ্ছে। অপর দিকে দীর্ঘ এক যুগের বেশি সময় ধরে মামলাটির বিচার না হওয়ায় শেখ ফরিদ ন্যায় বিচার থেকে বঞ্চিত হবেন বলে আশঙ্কা করছেন।

কার্যকরী অর্থনীতি হতে পারে

জবাবদিহিতার দায়িত্বটা নিতে পারে। জহির উদ্দিন স্বপন বলেন, আমাদের বিশ্বাস যতটুকু সামর্থ্য আমাদের আছে (এটি ক্রমতো কাজ লাগাতে পারলে আমরা হয়তো অনেক কিছই করতে পারব। উপজেলা প্রশাসন ও মৎস্য বিভাগের অয়োজনে পোনা ছাড়া সবুজকরণ অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিতি ছিলেন গৌরনদী উপজেলা নির্বাহী অফিসার মো. ইব্রাহীম, অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত উপজেলা মৎস্য কর্মকর্তা মানিক মল্লিক, জেলা উত্তর বরেন্দ্রপির সদস্য সচিব ইকবাল রহমান খান মুকুল, উপজেলা বিএনপির আহ্বায়ক সেয়দ সরোয়ার আলম বিব্রব, সদস্য সচিব জহির সাজ্জাদ হামীন, সিনিয়র যুগ্ম আহার্যক বন্দিউজ্জমান মিস্ট্র, পৌর বিএনপির আহ্বায়ক জাকির হোসেন শরীফ, সদস্য সচিব শফিকুর রহমান শরীফ স্বপন প্রমুখ।

তেঁতুলিয়ার ভাঙনে আতঙ্ক

রোহে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পানি সম্পদ মন্ত্রণালয় ও পানি উন্নয়ন বোর্ডের সর্বশ্রুতি কর্মকর্তাদের সঙ্গে কথা বলে পদক্ষেপ নেওয়ার উদ্যোগ নেওয়া হবে। পাশাপাশি ভাঙনকবলিত এলাকাগুলো চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্ব দেন তিনি। পরিদপ্তরকালে বাউফল উপজেলা ইকবাল উদ্দিন মন্ডল নামের আদার মাওলানা মো. রফিকুল ইসলাম, উপজেলা জামায়াতের অফিস সেক্রেটারি মাওলানা এস ডি আবদুল্লাহ শিবলী, পৌরসভা জামায়াতের সেক্রেটারি মো. নূরুল আলম, ধুলিয়া ইউনিয়ন জামায়াতের সভাপতি মো. মুজিবুর রহমান, সেক্রেটারি মাওলানা আবু তাহেরসহ স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

হামের উপসর্গে আরও ৬ জনের মৃত্যু, আক্রান্ত ১ হাজার ৩৯৩

কীর্তনখোলা ডেপু

দেশে ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে আরও ৬ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে সারা দেশে হামে মোট এক হাজার ৩৯৩ জন আক্রান্ত হয়েছে। এ নিয়ে চলতি বছরে নিশ্চিত হামে ১০২ জন এবং হামের উপসর্গ নিয়ে ১ হাজার ৩২ জনের মৃত্যু হয়েছে। সব মিলিয়ে হাম ও এর উপসর্গ নিয়ে মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ১ হাজার ৩৪ জনে। মঙ্গলবার (৬ অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের নির্মিত হেল্প লুনেটনে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, সোমবার সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে ঢাকা ও চট্টগ্রাম বিভাগে ২ জন করে মারা গেছে। এ সময়ে দেশের বিভিন্ন হাসপাতালে হাম ও উপসর্গ নিয়ে নতুন করে ১ হাজার ৩৯৩ জন রোগী এসেছে। বিভাগভিত্তিক হিসাবে, গত ২৪ ঘণ্টায় ঢাকা বিভাগে ৫৬৬ জন, রাজশাহীতে ২৭, সিলেটে ১৬৪, চট্টগ্রামে ২৭৩, বরিশালে ১২৩, মহম্মদসিংহে ৮৫, খুলনায় ১১১ এবং রংপুরে ৪২ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছর ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত দেশের বিভিন্ন হাসপাতালে হামের উপসর্গ নিয়ে মোট ১ লাখ ৭৬ হাজার ৫১৬ জন রোগী ভর্তি হয়েছে। তাদের মধ্যে ১ লাখ ৬৯ হাজার ২৯৩ জন

বর্তমান খাণা

আমতলী থেকে অপহৃত কিশোরী

এসআরবি-১৩ জানায়, গত ২৭ সেপ্টেম্বর কিশোরীটি বাড়ি থেকে নিখোঁজ হয়। পরে তার বাবা আমতলী থানায় সাধারণ ডায়েরি করেন। এরপর তিনি জানতে পারেন, তার বোনের স্বামী আমিরুল ইসলাম মেয়েকে নিয়ে বাসযোগে অজ্ঞাত স্থানে চলে গেছেন। পরে তিনি আমতলী থানায় অপহরণ মামলা করেন। ঘটনার পর এসআরবি গোয়েন্দা তৎপরতা শুরু করে। এরই ধারাবাহিকতায় গোপন সংবাদের ভিত্তিতে সোমবার রাত্রে এসআরবি-১৩ গাইবান্ধা ও এসআরবি-৮ পটুয়াখালীর যৌথ দল সুদূরগঞ্জের মতিনপুর এলাকায় অভিযান চালায়। সেখান থেকে আমিরুল ইসলামকে গ্রেফতার এবং কিশোরীকে উদ্ধার করা হয়। এসআরবি জানায়, উদ্ধার কিশোরী ও গ্রেফতার ব্যক্তিকে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য সংশ্লিষ্ট থানায় হস্তান্তর করা হয়েছে।

ভাণ্ডারিয়া থানা বালিকা মাধ্যমিক

রাধেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. হাসিবুল হাসান। বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মোসাম্মৎ হামিদা বেগমের সভাপতিত্বে এবং সহকারী শিক্ষক মো.সোহরাব হোসেনের সম্বন্ধলয়ীয় আয়োনের মধ্যে বক্তব্য রাখেন, ভাণ্ডারিয়া থানার ওসি তদন্ত রত্নেশ্বর কুমার মন্ডল,উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মো.মনির হোসেন আকন,যুগ্ম সাধারণ সম্পাদক মো.দেলোয়ার হোসেন রিপ্লু,সাংগঠনিক সম্পাদক আবুল কালাম আজাদ মলাত জোমাদ্দার,পৌর বিএনপির আহ্বায়ক আব্দুল মান্নান হাওলাদার,সাবেক উপজেলা চেয়ারম্যান অতিকুল ইসলাম উজ্জ্বল তালুকদার,বিশিষ্ট সমাজসেবক মো. জুলাফকার আলী হায়দার হাওলাদার,উপজেলা যুবদলের সদস্য সচিব মো. শামীম হাওলাদার,সেসক্লাবের সভাপতি শফিকুল ইসলাম মিলন, অভিভাবক মো.লিটন তালুকদার, মো.মহসিন তালুকদার,মো. জামাল মুন্সি, শিক্ষার্থী জাকিয়া তাসনিম মীম ও আমেনা তানজুম অন্তরা প্রমুখ। সমাবেশে প্রধান অতিথি তার বক্তব্যে প্রধান শিক্ষকের বিরুদ্ধে আনিত অভিযোগের সভ্যতা নিন্তিত করে বলেন,আগামী কাল (আজ) থেকে বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়মিত পাঠ দানসহ বিগত দিনে যে ক্ষতি হয়েছে তা পুথিয়ে উঠতে এরফ্রা় ক্লাস করানো সিদ্ধান্ত নেয়ার কথা উল্লেখ করেন।

দেড় কোটি টাকার ভারতীয়

কমাত্তর সাইবর। কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাইবর আলম সজ্জন মঙ্গলবার সকালে এসব তথ্য জানান। জন্ম করা ২১ হাজার কেজি জিরা ও কার্গো বোটের বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য পটুয়াখালী সদর থানায় হস্তান্তর করা হয়েছে। চোর্যাচালনা প্রতিরোধ এবং অধৈম পণ্য পরিবহন বন্ধে কোস্ট গার্ডের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে জানিয়েছেন সংস্থাটির কর্মকর্তারা।

৩০৫ পিস ইয়াবাসহ দুইজন

উপজেলার সাতুরিয়া ইউনিয়নের নৈকাঠি গ্রামে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ফালকাটির সহযোগিতায় অভিযান চালিয়ে রাজিব হাওলাদারকে গ্রেফতার করা হয়। তিনি নৈকাঠি গ্রামের মৃত রবীন্দ্রনাথ হাওলাদারের ছেলে। পরে রাজাপুর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. শামীম রেজা সজীব অম্যামাণ আদালত পরিচালনা করে রাজিবকে এক বছরের বিনামূল্য কারাদণ্ড ও ৩ হাজার টাকা অর্থদণ্ড দেন। অন্যদিকে, একই অভিযানে ২০০ পিস ইয়াবাসহ মো. তাজবির শরীফ (২৫)কে গ্রেফতার করা হয়। তিনি সাতুরিয়া এলাকার মান্নান শরীফের ছেলে। তার বিরুদ্ধে রাজাপুর থানায় নিয়মিত মামলা করা হয়েছে। পরে তাকে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়। রাজাপুর সহকারী কমিশনার (ভূমি) মো. শামীম রেজা সজীব বলেন, মাদকদের বিরুদ্ধে অভিযান অব্যাহত থাকবে এবং মাদক সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

ভাণ্ডারিয়া থানা বালিকা বিদ্যালয়ের

পরবর্তীতে ৪ অক্টোবর অনুষ্ঠিত ওনাদিতে তিনি উপস্থিত হন। ওনাদিতে দাখিল করা তথ্য ও বক্তব্য পর্যালোচনার পর কর্তৃপক্ষ তার জবাব সন্তোষজনক নয় বলে উল্লেখ করে। দাখিল করা জবাব ও ওনাদি সন্তোষজনক না হওয়ায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশালের ‘নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গর্ভনির্ বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা ২০২৪ এর ৫৩(৩) ও ৫৩(৪) ধারা অনুযায়ী তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। একই প্রবিধানমালার ৫৩(৭) ও ৫৪(১) ধারা অনুযায়ী তাকে প্রধান শিক্ষক পদ থেকে সাময়িক বরখাস্ত করা হয়। তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির আহ্বায়ক করা হয়েছে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সৈয়দ আজমল হোসেনকে। কমিটির সদস্য হিসেবে রয়েছে আছিয়া খাতুন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. জুলাফকার আলী শেখ এবং ভাণ্ডারিয়া থানা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের অভিভাবক প্রতিনিধি আব্দুল অলিম আকন। প্রবিধানমালার ৫৩(৪) ধারা অনুযায়ী, তদন্ত কমিটিকে এক মাসের মধ্যে বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতির কাছে বিস্তারিত তদন্ত প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে। এ ছাড়া সাময়িক বরখাস্তকালীন সময়ে প্রধান শিক্ষক অর্ধেক খোরপোষ ভাতা পাবেন। প্রবিধানমালার ৫৪(২) ধারা অনুযায়ী, কর্তৃপক্ষের অনুমতি ছাড়া তিনি কাকস্থল ভাড়া করতে পারবেন না বলেও অফিস আদেশে উল্লেখ করা হয়েছে।

বরগুন্ডায় ক্লাস চলাকালে ‘হিস্টিরিয়া’

পড়ে। এর পরবর্তী ৩০ মিনিটের মধ্যে বিদ্যালয়ের সপ্তম, অষ্টম, নবম ও দশম শ্রেণীর আরও ১৯ জন শিক্ষার্থীর একই ধরনের শ্বাসকষ্টের উপসর্গ দেখা দেয়। আকস্মিক এই ঘটনায় পুরো বিদ্যালয়ে অতর্কদের সৃষ্টি হয়। বরগুনা লাকুরতলা সোনারবাংলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল হোসাইন জানান, ঘটনার পরপরই দ্রুত অভিভাবকদের খবর দেয়া হয়। স্বজনরা উপস্থিত হয়ে অসুস্থ ১১ শিক্ষার্থীকে স্থানীয় প্রাইভেট হাসপাতাল ও ক্লিনিকে নিয়ে যান এবং সেখানে প্রাথমিক চিকিৎসা শেষে তাদের বাড়ি ফিরিয়ে নেয়া হয়। অন্যদিকে, বাকি শিক্ষার্থীদের আ্যুস্থলেনে করে বরগুনা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে পাঠানো হলে কর্তব্যরত চিকিৎসক নয়জনকে হাসপাতালে ভর্তি রেখে চিকিৎসা শুরু করেন। বরগুনা জেনারেল হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক নিহার রঞ্জন বৈদ্য বলেন, ‘শ্বাসকষ্টের লক্ষণ নিয়ে আসা ৯ জন শিক্ষার্থীকেই চিকিৎসার পর হাসপাতালে ভর্তি রাখা হয়েছে। তারা সবাই মূলত গপ-হিস্টিরিয়ায় আক্রান্ত হয়েছিল। বর্তমানে ভর্তি থাকা সব শিক্ষার্থীই পুরোপুরি আশঙ্কামুক্ত রয়েছে।’

বাইফেল গভীর রাতে মিনিটের

স্থানীয় কয়েকজন এ ঘটনার জন্য কার্যক্রম নিষিদ্ধ আওযামী লীগের সংশ্লিষ্টতার সন্দেহ প্রকাশ করলেও এর পক্ষে কোনো প্রমাণ পাওয়া যায়নি। এলাকার বসিন্দা রফিক হাওলাদার বলেন, ‘আমরা ঘুমাইচ্ছিল। হঠাৎ বসিদ্ শব্দে আমাদের ঘুম ভেঙে যায়। প্রথমে ধারণা হয়নিছিল, কোথাও ডাকাতি নেই। পরে কয়েকজন মিলে ঘর থেকে বের হয়ে রাস্তায় আসি। কিন্তু কাউকে দেখা যায়নি। কয়েকল বিক্ষোভ ঘটিয়ে আতঙ্ক সৃষ্টি করা হয়ে থাকতে পারে।’ বাজারের ব্যবসায়ী আবদুল সালাম বলেন, ‘রাতে আমি দোকানেই ঘুমাই। মনে হয়েছে, আমার দোকানের কাছেই বিক্ষোরণের ঘটনা ঘটেছে। শব্দ শুনে পরে অনেক লোকজন জড়ো হয়। কিন্তু কোথায় বিক্ষোরণ হয়েছে বা কীভাবে হয়েছে। তার কোনো স্ফু পাওয়া যায়নি।’ এ বিষয়ে বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম বলেন, ‘এ পরনের কোনো ঘটনার খবর আমি পাইনি। তবে যৌজখবর নিয়ে দেখব।’

চরফ্যাশনে ডাকাতির প্রস্তুতিকালে

ব্যক্তি দেশীয় অস্ত্র নিয়ে ডাকাতির উদ্দেশ্যে গোপন বৈঠক করছিলেন। গোপন সংবাদের ভিত্তিতে শশীভূষণ থানা পুলিশের একটি দল সেখানে অভিযান চালায়। এসময় পুলিশের উপস্থিতি টের পেয়ে সেখানে থাকা ব্যক্তির পালাদোর চেষ্টা করেন। পুলিশ ধাওয়া করে খোকন চাকলাদার, মাকসুদ ও আবু তাহেরকে গ্রেফতার করেন। এসময় কৌশলে তাদের সঙ্গে থাকা আরও তিন থেকে চারজন পালিয়ে যায়। পরে গ্রেফতারকৃত আসামির ঘর তল্লাশি করে রামদা,বণি দা,চাইনিজ কুড়াল,ওয়াটকি,তাল্লা ভাঙার কাটারসহ কাচি এবং তলোয়ার,ম্যাপনিকাইং গ্লাস,সূচালাে রড,পাথর স্ক্রু-ড্রাইভার,জুরিসহ একাধিক মোবাইল ফোন উদ্ধার করে পুলিশ। শশীভূষণ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফিরোজ জানান, গ্রেফতারকৃত ব্যক্তিদের বিরুদ্ধে ডাকাতির প্রস্তুতি ও অস্ত্র আইনে পৃথক দুটি মামলা দায়ের শেষে আদালতে শ্রেণণ করা হয়েছে। তাদের বিরুদ্ধে থানায় মাদক মামলা রয়েছে। একই সঙ্গে পলাতক ব্যক্তিদের শনাক্ত ও গ্রেপ্তারে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।

বরিশালে বিজ্ঞান বিতর্ক উৎসবে

বরিশাল বিভি়া স্কুলের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর জাবের বলেন, “একটি যুজিনির্ভর ও চিন্তাশীল সমাজ গঠনে বিতর্কের বিকল্প নেই। শিক্ষার্থীদের পড়াশোনার পাশাপাশি বিতর্ক চর্চাকে প্রাধান্য দিতে হবে। এই খুদে তার্কিক (শিক্ষার্থীরা) আগামী দিনের ভবিষ্যৎ।” প্রতিযোগিতায় উদয়ন মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে বরিশাল জিলা স্কুল। অনুষ্ঠান শেষে চ্যাম্পিয়ন ও রানার্স-আপ দলের বিতর্কিকদের হাতে পুরস্কার ও ক্রেস্ট তুলে দেওয়া হয়।

বরিশাল-পটুয়াখালী মহাসড়কের

বানিন্দা ও চালকেরা ক্ষতিগ্রস্ত সড়কগুলো দ্রুত সংস্কার করে টেকসই সমাধানের দাবি জানিয়েছেন। এ বিষয়ে সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী জানান, ক্ষতিগ্রস্ত সড়কগুলোর সংস্কারকাজ চলাচ্ছে। কিছুদিনের মধ্যেই সমস্যাগুলোর সমাধান হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

মাইক্রোবাসে তুলে নিয়ে যুবকদের

থেকে হাত-পা বাঁধা অবস্থায় তাকে উদ্ধার করা হয়। ভুক্তভোগী রাজিব উপজেলার সাচড়া ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের বানিন্দা ফারুক খানের ছেলে। এছাড়া গ্রেফতারকৃত রাজিব একই বাড়ির আমির খানের ছেলে বলেও জানা গেছে। মামলার এজাহার,পুলিশ ও ভুক্তভোগীর পরিবার জানায়, সোমবার দিবাগত রাত আনুমানিক ১১টার দিকে বাড়ির সামনে দাঁড়িয়ে মোবাইল চিপছিল রাজিব। এসময় হঠাৎ একটি মাইক্রোবাস নিয়ে আসামিরা আসে এবং রাজিব কিছু বুঝে ওঠার আগেই মুখ চেপে ধরে তাকে মাইক্রোবাসে ভুলে নিয়ে যায়। পরবর্তীতে পথে অমানবিক নির্যাতন করে ও তার চোখ দুটি ভুলে ফেলে পলিটেকনিক্যাল ইনস্টিটিউটের পাশে হাত-পা বাঁধা অবস্থায় ফেলে যায়। এসময় তার চিংকার শুনে সেখানকার শিক্ষার্থীরা বেরিয়ে এসে তাকে মুমূর্ষ অবস্থায় পড়ে থাকতে দেখে ৯৯৯ এ কল দিলে বোরহানউদ্দিন থানা পুলিশ তাকে উদ্ধার করে। প্রথমে তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয় এবং তার পরিবারকে খবর দেয়। পরে সেখান থেকে ভোলা জেনারেল হাসপাতালে নিলে সকালে ভোলা জেনারেল হাসপাতাল থেকে তাকে ঢাকায় রেকার্ড করা হয়েছে। রাজিবের বড় ভাই রিরাঞ্জ অভিযোগ করে বলেন, আমরা রাজিবের উন্নত চিকিৎসার জন্য ভোলা থেকে ঢাকায় নিয়ে যাছি। রাজিবের চোখ নষ্ট করে দেওয়াসহ শরীরে ও মাথায় গুরুতর আঘাতের চিহ্ন রয়েছে। এ ঘটনায় জড়িতদের কয়েকজনকে চিনিয়ে ও তাদের নাম বেলেছে রাজিব। মামলা হয়েছে, আমরা প্রমাণের বড় ভাই রিরাঞ্জ অভিযোগ করে বলেন, বোরহানউদ্দিন থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আশ্রাব আলী বলেন, ৯৯৯ এ ফোন পেয়ে থানা পুলিশ গিয়ে ভুক্তভোগীকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেছেন। দুপুরে রাজিবের স্ত্রী বাী হয়ে থানায় মামলা দায়ের করেছেন। মামলার এজাহারভুক্ত আসামি ইমাম হোসেনকে এককভাবে গ্রেফতার করা হয়েছে। তিনি আরও বলেন, আসামিকে প্রাথমিক জিজ্ঞাসাবাদসহ আদালতে সোপর্দ করার কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া মামলাটির বাকি আসামিদের গ্রেপ্তারের চেষ্টাসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রম চলাছে বলেও জানান তিনি।

ইরানি কাছে নতুন সরঞ্জামের

সরঞ্জাম প্রস্তুতের কার্যক্রম অব্যাহত আছে বলেও উল্লেখ করেছেন তিনি। সোমবার রাস্তায় টেলিভিশন চ্যানেল প্রেস টিকিৎকে দেওয়া এক সাক্ষাৎকারে ব্রিগেডিয়ার জেনারেল আকরাম-নিয়া বলেন, “চলমান যুদ্ধ ইরান মূল্যবান অভিজ্ঞতা অর্জন করেছে এবং শত্রুর দুর্বলতাপ্রচো চিহ্নিত করে তা কাজে লাগানোর উপায় খুঁজে বের করেছে। শত্রুর ক্ষেত্রফালিয় মার্কিন বাহিনীর আত্মবিশ্বাসও উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে।” “যুদ্ধ চলাকালে প্রতিদিন আমাদের সরঞ্জামের উৎপাদন অব্যাহত ছিল এবং বর্তমানেও তা পুরোদমে চলাছে। সেনাবাহিনীর কাছে বর্তমানে সমরাস্ত্র ও সরঞ্জামের বিশাল মজুদ রয়েছে এবং সামরিক সরঞ্জামের দিক থেকে তারা সম্পূর্ণ প্রস্তুত।” সাক্ষাৎকারে তিনি জানান, ইরানের সেনাবাহিনী ইতোমধ্যাম নতুন সমরাস্ত্র ও যুদ্ধ সরঞ্জাম সরঞ্জামের করা শুরু করেছে এবং ড্রোন ও ক্ষেপণাস্ত্রের মতো কিছু কৌশলগত সামরিক সরঞ্জাম উপযুক্ত ও সঠিক সময়ে উন্মোচন করা হবে। ইরানের পরমাণু প্রকল্প নিয়ে প্রায় দু’দশক ধরে বিরোধ চালায় পর গত ২৮ ফেব্রুয়ারি মার্কিন বাহিনীর হামলার মধ্যে দিয়ে শুরু হয় যুক্তরাষ্ট্র-ইরান যুদ্ধ। ফেব্রুয়ারি মাসে এই যুদ্ধ চালায় পর দু’বার যুক্তবিরতি ঘোষণা করেছে দু’পক্ষ এবং দুবারই তা ভঙ্গ করেছে। স্ববিশেষ আগন্তুক মাসে ইরানের বিরুদ্ধে সামরিক অভিযান স্থগিত রাখার ঘোষণা দিয়ে শেখটির বিরুদ্ধে অর্থনৈতিক অভিযান ‘অপারেশন ইকোনমিক আউটকাস্ট’ শুরু করেছে ওয়াশিংটন। সেই থেকে আগাতত বন্ধ আছে পরশপনের দিকে লক্ষ্য করে ইরান ও যুক্তরাষ্ট্রের সামরিক হালাল। তবে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, নচেখরে যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নিরুচনের পর ফের ইরানে সামরিক অভিযান শুরু করতে পারে মার্কিন বাহিনী।

পাকিস্তানে ক্ষমতার নতুন লড়াই

নেপথ্যে রয়েছেন পাকিস্তানের সেনাপ্রধান ফিল্ড মার্শাল আসিম মুনির। পরিকল্পনাটি বাস্তবায়িত হলে পাকিস্তানের দীর্ঘদিনের রাজনৈতিক ক্ষমতার কাঠামো বদলে যেতে পারে। বিশেষ করে পাঞ্জাব ও সিন্ধুর মতো গুরুত্বপূর্ণ প্রদেশে প্রভাবশালী রাজনৈতিক পরিবারগুলোর ক্ষমতা কমে যেতে পারে। ইমরান খানের দল পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ বা পিটিআইয়ের সর্মধকদের বিরুদ্ধে নিয়ে কয়েক সপ্তাহ ধরেই উত্তেজনা চলাচ্ছে। ইমরান খান বর্তমানে কারাগারে। তাকে সর্মধন জনগোত্র রাজধানী ইসলামাবাদে মিছিল করার ঘোষণা দিয়েছিল তার দল। তবে সরকার বিক্ষোভ চেষ্টাকরে কঠোর অবস্থান নেয়। ইসলামাবাদের বিভিন্ন সড়কে দুই হাজারের বেশি কর্মচেষ্টাবাদী বসিয়ে রাস্তা বন্ধ করা হয়। ৪ অক্টোবর শেষ পর্যন্ত পিটিআইয়ের সর্মধকরা মিছিল শুরু করেন। খাইবার পাখতুনখওয়া প্রদেশের লাকি মারগোথ থেকে প্রায় পাঁচ হাজার মানুষ যাত্রা শুরু করেন। তাদের লক্ষ্য ছিল পথে আরও সর্মধক জড়ো করা। তবে শেষ পর্যন্ত তারা ইসলামাবাদে যাবেন কি না, সে সিদ্ধান্ত তখনো চূড়ান্ত হয়নি। ইমরান খানকে ঘিরে এই রাজনৈতিক উত্তেজনার আড়ালেই পাকিস্তানের ক্ষমতার কাঠামো খর্বের উদ্যোগ চলাছে। প্রধান পরিকল্পনাটি হলো বর্তমান চারটি প্রদেশকে আরও ছোট কয়েকটি

প্রদেশে ভাগ করা। সর্মধকদের যুক্তি, বর্তমান প্রদেশগুলো আয়তন ও জনসংখ্যায় অনেক বড়। ফলে স্থানীয় প্রশাসন দুর্বল হয়ে পড়েছে। তবে বিরোধীদের আশঙ্কা, এর আসল উদ্দেশ্য প্রশাসনিক সংস্কার নয়। বরং দীর্ঘদিন ধরে প্রদেশগুলোতে প্রভাব ধরে রাখা রাজনৈতিক পরিবারগুলোর ক্ষমতা কমানো।

প্রাথমিকে নিয়োগপত্র

বিপরীতে আবেদন জমা পড়েছিল ১০ লাখ ৮০ হাজার ৮০টি। সে হিসাবে গড়ে প্রতিটি পদের বিপরীতে লড়াই

করেন প্রায় ৭৫ জন চাকরিপ্রার্থী। খলিদপুরের তথ্যমতে, প্রথম ধাপে (রাজশাহী, রংপুর, সিলেট, খুলনা, বরিশাল ও ময়মনসিংহ বিভাগ) ১০ হাজার ২১৯টি শূন্য পদের বিপরীতে আবেদন জমা পড়ে ৭ লাখ ৪৫ হাজার ৯২৯টি। দ্বিতীয় ধাপে (ঢাকা ও চট্টগ্রাম বিভাগ) ৪ হাজার ১৬৬টি পদের বিপরীতে আবেদন জমা পড়ে ৩ লাখ ৩৪ হাজার ১৫১টি। এদিকে সহকারী শিক্ষক নিয়োগে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হন ৬৯ হাজার ২৬৫ জন প্রার্থী। তাদের মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত করা হয়। গত ৮ ফেব্রুয়ারি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগের চূড়ান্ত ফল প্রকাশ করা হয়। এতে ১৪ হাজার ৩৮৪ জন প্রার্থীকে নিয়োগে চূড়ান্ত সুপারিশ করা হয়। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের তথ্যমতে, গত ২৪ সেপ্টেম্বর জেলাভিত্তিক নিয়োগের আদেশ জারি করা হয়। কয়েক ধাপে জারি করা এ আদেশের পর প্রয়োজনীয় কাগজপত্র জমার নির্দেশনা দেওয়া হয়। তাতে কাগজপত্র জমা দেন ১৩ হাজার ৮৩১ জন। বাকিদের মধ্যে ৫৫২ জন কাগজপত্র জমা দেননি। আরেকজন মারা গেছেন।

এদিকে কাগজপত্র জমা দিয়ে নিয়োগপত্র হাতে পান ১৩ হাজার ৭৪৮ জন। তাদের মধ্যে নির্ধারিত সময়ে চাকরিতে যোগ দিয়েছেন ১২ হাজার ৮৩০ জন। হিসাব অনুযায়ী- কাগজপত্র জমা দিয়ে নিয়োগপত্র হাতে পেয়েও সহকারী শিক্ষক পদে যোগদান করেননি ৯১৮ জন। আর কাগজপত্র জমা দেননি ৫৫৩ জন। সেই হিসাবে ১ হাজার ৪৭১ জন চাকরিতে যোগদানো অগ্রহ দেখাননি। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (এডিটি) আবদুর রহিম বলেন, অনেকে কাগজপত্র জমা দেননি। তারা কোনো অগ্রহই দেখাননি। আবার অনেকে নিয়োগপত্র হাতে পেয়েও যোগদান করেননি। হয়তো তাদের অন্যত্র চাকরি হয়েছে। সেটিকে তারা গুরুত্ব দিয়েছেন। সব সরকারি নিয়োগে এমন ঘটনা ঘটে থাকে। তিনি বলেন, ‘কিন্তু সহকারী শিক্ষক পদে ১ হাজার ৪৭১ জন যোগ না দেওয়ায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ক্ষতিগ্রস্ত হয়েছে। কারণ নিয়োগে প্রত্যাখ্য নিয়োগ প্রক্রিয়া বারবার চালানো কষ্টসাধ্য। এর সঙ্গে সরকারের যে বাড়তি খরচ, সে বিষয়টিও রয়েছে। পাশাপাশি পদ শূন্য থাকায় বিদ্যালয়ে শিক্ষক সংকট পড়বে। আমরা শিগগির আরেকটি নিয়োগ শিক্ষক নিয়োগের প্রস্তুতি নিছি। সেটি হয়ে গেলে আর সংকট থাকবে না।’

ডেস্তুতে ১০ জনের

জুলাইয়ে ৩৬ জন, জুনে ১৩ জন, মে মাসে একজন এবং জানুয়ারি ও ফেব্রুয়ারিতে দুজন করে ডেপু রোগীর মৃত্যু হয়েছে। বুলেটিনে জানানো হয়, সোমবার সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় দেশের বিভিন্ন হাসপাতালে ডেপু আক্রান্ত হয়ে ১ হাজার ৯৯৬ জন ভর্তি হয়েছেন। এ নিয়ে চলতি বছর হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৯০ হাজার ৩৫৬ জনে। গত ২৪ ঘণ্টায় হাসপাতাল থেকে সুস্থ হয়ে ছাড় পেয়েছেন ১ হাজার ৯৬৪ জন। এ পর্যন্ত সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৮৪ হাজার ২৯৯ জন। গত ২৪ ঘণ্টায় সবচেয়ে বেশি রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন ঢাকা বিভাগে, ৮৬১ জন, খুলনা বিভাগে ৩০২ জন, বরিশালে ২০৩, চট্টগ্রামে ২৪২ জন, ময়মনসিংহে ৯৬, রংপুরে ৭৫ জন এবং রাজশাহী ১৯৯ জন।

বিশ্বজুড়ে তরুণদের মধ্যে দ্রুত

অস্ত্রের (বাওয়েল), কিডনি ও জরায়ুর ক্যানসারের হার দ্বিগুণেরও বেশি বেড়েছে। মঙ্গলবার (৬ অক্টোবর) গবেষণাটির বরাতে যুক্তরাজ্যের সংবাদমাধ্যম গ্যাডিয়ান জানায়, ইংল্যান্ডে ৫০ বছরের কম বয়সীদের মধ্যে প্রতি এক লাখে প্রোস্টেট ক্যানসারের হার ২০০১ সালে ছিল ১ জন; ২০২৩ সালে তা বেড়ে দাঁড়ায় ৩ দশমিক ৬ জনে। বাওয়েল ক্যানসারের হার ৩ দশমিক ৯ থেকে বেড়ে হয়েছে ৮ দশমিক ৪। জরায়ু ও কিডনি ক্যানসারের হারও বেড়ে যথাক্রমে ৩ দশমিক ৯ ও ৩ জনে দাঁড়িয়েছে। স্তন ক্যানসারের হার তুলনামূলক কম হারে বাড়লেও প্রতি এক লাখে ৪২ থেকে বেড়ে ৪৭ দশমিক ৫ হয়েছে। অগ্ন্যাশয় ও লিভার ক্যানসারের ক্ষেত্রেও বৃদ্ধি দেখা গেছে। যুক্তরাষ্ট্রে ২০০০ সালের পর থেকে ৫০ বছরের কম বয়সীদের মধ্যে কিডনি ক্যানসারের হার দ্বিগুণেরও বেশি হয়েছে—প্রতি এক লাখে ২ দশমিক ৫ থেকে বেড়ে ২০২৩ সালে ৫ দশমিক ৩। একই সময়ে বাওয়েল, জরায়ু ও অগ্ন্যাশয় ক্যানসার ৫০ শতাংশের বেশি এবং স্তন ক্যানসার প্রায় ২০ শতাংশ বেড়েছে। নেদারল্যান্ডসে বাওয়েল, কিডনি, লিভার ও জরায়ুমূত্রের ক্যানসারের হার উল্লেখযোগ্যভাবে বেড়েছে। গবেষকদের মতে—স্থূলতা বৃদ্ধি, অস্বাস্থ্যকর খাদ্যাভ্যাস, শারীরিক পরিশ্রমের ঘাটতি, অ্যালকোহল গ্রহণ, ধূমপান এবং বায়ু-পানি দূষণসহ বিভিন্ন পরিবেশগত বৃদ্ধি এ প্রবাত্তার পেছনে ভূমিকা রাখতে পারে। ক্যানসারের প্রায় ৪০ শতাংশ পরিবর্তনযোগ্য জীবনযাপন ও পরিবেশগত বৃদ্ধির সঙ্গে সম্পর্কিত বলে জানিয়েছে ডব্লিউসিআরএফ। তবে ক্যানসার সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং দ্রুত পরীক্ষা-নিরীক্ষার ফলে আগের তুলনায় বেশি রোগী শনাক্ত হওয়াও বৃদ্ধির একটি কারণ হতে পারে। কুইন্স ইউনিভার্সিটি বেলফাস্টের অধ্যাপক মার্ক ললার এ প্রবণতাকে ‘টিকটিক করা টাইমবোম’ হিসেবে উল্লেখ করে দ্রুত ব্যবস্থা নেওয়ার আহ্বান জানিয়েছেন। তবে গবেষকরা সতর্ক করেছেন, ৫০ বছরের কম বয়সীদের মধ্যে ক্যানসার এখনো তুলনামূলকভাবে বিরল। ক্যানসার শনাক্ত হওয়ার মধ্যম বয়স ৬০ বছরের বেশি। কেন তরুণদের মধ্যে ক্যানসার বাড়ছে, তা পুরোপুরি বোঝা যায়নি। বিষয়টি আরও গভীরভাবে জানতে কিংস কলেজ লন্ডন ক্যানসার রিসার্চ ইউকের অর্থ্যানে আড়াই লাখ মানুষকে নিয়ে নতুন একটি গবেষণা শুরু করেছে। অন্যদিকে, ‘ডিন দেশেই ৫০ বছরের কম বয়সীদের মধ্যে ফুসফুস ক্যানসারের হার কমেছে। গবেষকদের মতে, ধূমপানের হার কমে যাওয়ার সঙ্গে এর সম্পর্ক রয়েছে।’

পটুয়াখালীতে বনের গাছ কেটে জমি

দখলের অভিযোগ, বন বিভাগের জিডি

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীর গলাচিপা উপজেলায় বন বিভাগের গাছ কেটে জমি দখল করার অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপি নেত্রীর ভাইয়ের বিরুদ্ধে। গলাচিপা উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক রেনু আক্তারের ছোট ভাই শাহিন হাওলাদারের বিরুদ্ধে এ অভিযোগ করে বন বিভাগ। এ ঘটনায় গত শনিবার গলাচিপা থানায়



বরিশাল বিশ্ববিদ্যালয়ের জন্য নির্ধারিত ৫০ একর সরকারি খাসজমি দখলমুক্ত করার দাবিতে মানববন্ধনে উপস্থিত বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক আফরোজা খানম নাসরিন

-কীর্তনশেখা

সাধারণ ডায়েরি (জিডি) করেছেন গলাচিপা উপজেলা ডেপুটি রেঞ্জার ও চরআগন্তি বনায়নের বিট কর্মকর্তা আবদুর বারীক। জিডি সূত্রে জানা যায়, গলাচিপা উপজেলার চরবিশ্বাস ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের দক্ষিণ চরবিশ্বাস এলাকায় ২০১৫-১৬ অর্থবছরে ৭৫ হেক্টর জমিতে ম্যানগ্রোভ বন তৈরি করেছে বন বিভাগ। ওই বনে কিছুদিন ধরে বিএনপি নেত্রী রেনু আক্তারের ছোট ভাই শাহিন হাওলাদার (৪২) ও তাঁর সহযোগী মো. ফারুক (৫৫), আজাদ তালুকদার (৫০) ও আবদুর রহিম ওই বনের গাছ কেটে নিয়ে যাচ্ছেন। গত শুক্রবার বন বিভাগের লোকজন বাধা দিতে গেলে অতিমুক্ত ব্যক্তিরা তাঁদের লাঞ্চিত করেন। দক্ষিণ চরবিশ্বাস এলাকায় বনায়ন রয়েছে; কিন্তু স্থানীয় শাহিন হাওলাদার সেই বনায়ন ধ্বংস করে তরমুজখেত করছেন। এ বিষয়ে হাওলাদার ব্যক্তিদের বিরুদ্ধে থানায় জিডি করা হয়েছে। এখন উর্ধ্বতন কর্মকর্তার সঙ্গে আলোচনা করে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে। এ বিষয়ে চরআগন্তি বনায়নের বিট কর্মকর্তা আবদুর বারীক বলেন, শাহিন হাওলাদার ও তাঁর লোকজন বনের কেটেড়া, শেলা, গেওয়া ও বাইশাঙা উপড়ে ফেলেন। উপড়ে ফেলা এসব গাছের বয়স ১০ থেকে ১১ বছর। এরপর প্রায় ২০০ একর জমিতে মাটি কেটে বাঁধ তৈরির কাজ শুরু করেন। খবর পেয়ে গত শুক্রবার বিকালে তিনি ও তাঁর লোকজন ঘটনাস্থলে গিয়ে অতিমুক্ত ব্যক্তিদের গাছ উপড়ে ফেলা এবং মাটি কেটে বাঁধ তৈরির কাজ করতে নিষেধ করেন। এ সময় শাহিন হাওলাদার বাধা অগ্রাহ্য করে উল্টো তাঁদের লাঞ্চিত করেন এবং জম্বীভূতি দেখিয়ে ঘটনাস্থল থেকে তাড়িয়ে দেন। পরে বিষয়টি তিনি উপজেলা নির্বাহী কর্মকর্তা ও গলাচিপা উপজেলা বন বিভাগের রেঞ্জ কর্মকর্তাকে জানান এবং গলাচিপা থানায় সাধারণ ডায়েরি করেন। অভিযোগের বিষয়ে বক্তব্য জানতে গত শনি, রবি ও সোমবার তিন দিনে শাহিন হাওলাদারের মঠোফোনে মোট আটবার ফোন করা হলে পাঁচবার ফোন বন্ধ পাওয়া যায়। তিনবার ফোনে রিং হলেও তিনি ধরেননি। এ ছাড়া গত রোববার সন্ধ্যায় সাংবাদিক পরিচয় দিয়ে খুদে বার্তা পাঠিয়ে এ বিষয়ে বক্তব্য জানতে চাইলেও তিনি কোনো সাড়া করেনি। তবে স্থানীয় ব্যক্তিদের মঠোফোনে ধারণ করা একটি ভিডিওতে দেখা গেছে, শাহিন হাওলাদার ওই জমি নিজের দাবি করছেন। এ সময় বন কর্মকর্তা আবদুল বারীক ও তাঁর সঙ্গে থাকা বনকর্মীদের সঙ্গে তিনি উত্তণ্ড বাকাবিনিময় করেন। এদিকে অভিযোগ অস্বীকার করেছেন গলাচিপা উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক রেনু আক্তার। তিনি বলেন, কয়েক দিন ধরে তিনি ঢাকায় অস্থানন করছেন। বন বিভাগের গাছ কেটে তরমুজখেত করার বিষয়টি তিনি জানেন না। এ বিষয়ে তিনি তাঁর ভাই শাহিন হাওলাদারের সঙ্গে কথা বলার পরামর্শ দেন। গলাচিপা উপজেলা বন বিভাগের রেঞ্জ কর্মকর্তা নয়ন মিস্ত্রী বলেন, দক্ষিণ চরবিশ্বাস এলাকায় তাঁদের বনায়ন রয়েছে; কিন্তু স্থানীয় শাহিন হাওলাদার সেই বনায়ন ধ্বংস করে তরমুজখেত করছেন। এ বিষয়ে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে থানায় জিডি করা হয়েছে। এখন উর্ধ্বতন কর্মকর্তার সঙ্গে আলোচনা করে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

কমেছে বৈশ্বিক সহায়তা, সংকটে দুই হাজারের বেশি এনজিও

কীর্তনশেখা ডেস্ক

বিশ্বজুড়ে বিদেশি উন্নয়ন সহায়তা কমে যাওয়ায় বড় ধরনের অর্থায়ন সংকটের মুখে পড়তে যাচ্ছে বাংলাদেশের ছোট ও মাঝারি এনজিও। বিশেষ করে যেসব প্রতিষ্ঠানের ক্ষুদ্রঋণ কার্যক্রম নেই এবং ব্যরা প্রায় পুরোপুরি বিদেশি অনুদানের ওপর নির্ভরশীল। তাদের মধ্যে প্রায় ২ হাজার ২০০টি এনজিও সবচেয়ে বেশি বৃক্িহত। অর্থায়নের সংকট দীর্ঘ হলে শিক্ষা, স্বাস্থ্য, পানি-স্যানিটেশন, জরায়ু ও অন্যান্য সামাজিক সেবা কমে যাওয়ার আশঙ্কা রয়েছে। মঙ্গলবার (৬ অক্টোবর) রাজধানীর আগারগাওয়ে বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) আয়োজিত ‘বিদেশ-নির্ভরতা পরিয়ে: বাংলাদেশে এনজিও অর্থায়নের ভবিষ্যৎ’ শীর্ষক অনুষ্ঠানে উপস্থাপিত গবেষণায় এসব তথ্য উঠে এসেছে। গবেষণাটি উপস্থাপন করেন বিআইডিএসের গবেষণা পরিচালক ড. কাজী ইকবাল। গবেষণায় এনজিওবিশ্বক রূপরে ও ক্ষুদ্রঋণ নিয়ন্ত্রক কর্তৃপক্ষের তথ্য বিশ্লেষণের পাশাপাশি ৪৬টি এনজিওর ওপর জরিপ, জাতীয় পরামর্শ সভা, উদ্ভারসঞ্চয়ের ছোট ও মাঝারি এনজিও নিয়ে দলীয় আলোচনা এবং বিশেষজ্ঞদের সাপাক্ষাত্কে নেওয়া হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন পরিকল্পনা প্রতিমন্ত্রী মো. জেনারেল আব্দুর রহিম সাকি। সমানতিত অতিথি ছিলেন পরিকল্পনা বিভাগের সিনি় এস এম শাকিল আখতার। অনুষ্ঠান সম্বলনামা করেন বিআইডিএসের মহাপরিচালক অধ্যাপক এ. কে. এনামুল হক। গবেষণায় বলা হয়েছে, বিশ্বজুড়ে বিদেশি উন্নয়ন সহায়তা দ্রুত কমেছে। ২০২৫ সালে ধনী দেশগুলোর উন্নয়ন সহায়তা প্রকৃত মূল্যে ২৩ শতাংশ কমেছে। এক বছরে সহায়তা কমার হিসেবে এটি সবচেয়ে বড় পদক্ষেপ। যুক্তরাষ্ট্রের ইউএসএআইডি বন্ধ হয়ে যাওয়া এবং যুক্তরাজ্য, জার্মানি ও ফ্রান্সের আগামী কয়েক বছরের সহায়তা প্রক্টেট কমানোর কারণে এ সংকটকে সাময়িক নম্ব বরং কাঠামোগত পরিবর্তনের ইঙ্গিত হিসেবে দেখাছেন গবেষকরা। বাংলাদেশে এখনো এর পুরো প্রভাব দেখা যায়নি। কারণ আগের অনুমোদিত প্রকল্পগুলোর অর্থ এখনো ছাড় হচ্ছে। ২০২৫-২৬ অর্থবছরে এসব প্রকল্পে ১০ হাজার ১৪৩ কোটি টাকা ছাড় হয়েছে। তবে, নতুন প্রকল্প অনুমোদনের সংখ্যা এরই মধ্যে কমে গেছে। ২০২১-২২ অর্থবছরে এনজিও খাতে ২ হাজার ৬১টি প্রকল্প অনুমোদিত হলেও ২০২৫-২৬ অর্থবছরে তা নমে ১ হাজার ৭৫৪টিতে দাঁড়িয়েছে। ফলে পুরোনো প্রকল্পের অর্থ শেষ হয়ে গেলে সংকেট আবার প্রকট হওয়ার আশঙ্কা রয়েছে। ৪৬টি এনজিওর ওপর পরিচালিত জরিপ দেখা গেছে, বিদেশি অনুদাননির্ভর সেবাস্বামী এনজিওগুলোর বাজেট গড়ে ৪০ শতাংশ কমেছে। অন্যদিকে ক্ষুদ্রঋণ কার্যক্রম থাকা এনজিওগুলোর বাজেট কমেছে প্রায় ১২ শতাংশ। অর্থাৎ যেসব এনজিওর নিজস্ব আয় বা ক্ষুদ্রঋণভিত্তিক অর্থের উৎস রয়েছে তারা তুলনামূলকভাবে সংকটমাল দিতে পারছে। কিন্তু অনুদাননির্ভর ছোট ও মাঝারি এনজিওগুলোর বিকল্প অর্থের উৎস সীমিত। এ কারণে প্রায় ২ হাজার ২০০ প্রতিষ্ঠান

পাকিস্তানে ক্ষমতার নতুন লড়াই প্রদেশ ভাঙার উদ্যোগ সেনাপ্রধানের

কীর্তনখোলা ডেস্ক
পাকিস্তানে সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানকে ঘিরে রাজনৈতিক উত্তেজনার মধ্যেই নতুন এক ক্ষমতার লড়াই শুরু হয়েছে। দেশটির চারটি প্রদেশকে ভেঙে আরও ছোট প্রদেশ তৈরির পরিকল্পনা নিয়ে আলোচনা চলছে। এই পরিকল্পনার ৩ এর পাতায় দেখুন

বৈশাল্য

বৈশাল্য ১১ বুধবার ১১ ০৭ অক্টোবর ২০২৬ ১১ ২২ আশ্বিন ১৪৩৩

ইরানি কাছে নতুন সরঞ্জামের বিশাল মজুদ রয়েছে: মুখপাত্র

কীর্তনখোলা ডেস্ক
ইরানি সেনাবাহিনীর কাছে ক্ষেপণাস্র ও ড্রোনসহ নতুন ধরনের রক্ষণাত্মক ও আক্রমণাত্মক সরঞ্জামের বিশাল মজুদ রয়েছে বলে দাবি করেছেন বাহিনীর মুখপাত্র ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ আকরামি-নিয়া। আরও ৩ এর পাতায় দেখুন



বিশ্ব বসন্ত দিবস উপলক্ষে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উদ্যোগে আলোচনা সভা -কীর্তনখোলা

প্রাথমিকে নিয়োগপত্র বঞ্চিত ৮৩ জন যোগ দেননি ১৪৭১ প্রার্থী

কীর্তনখোলা ডেস্ক
সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ হয়েও নিয়োগপত্র বঞ্চিত হয়েছেন ৮৩ জন। তেরিফিকেশনে বাদ পড়া প্রার্থীদের মধ্যে অনেকে ধাপে ধাপে নিয়োগপত্র পেলেও শেষ পর্যন্ত তারা বঞ্চিতই রয়ে গেছেন। পাশাপাশি নিয়োগ

পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সুপারিশপ্রাপ্ত হলেও চাকরিতে যোগ দেননি এমন প্রার্থীর সংখ্যা ১ হাজার ৪৭১ জন। তাদের মধ্যে কেউ কেউ প্রয়োজনীয় কাগজপত্র জমা দেননি। তারা অন্য কোথাও চাকরি করছেন বলে জানা গেছে। আর বড় একটি সংখ্যা নিয়োগপত্র নিয়েও যোগদান করেননি। মঙ্গলবার (৬

মাইক্রোবাসে তুলে নিয়ে যুবকের দুই চোখ উপড়ে ফেলার অভিযোগ


বোরহানউদ্দিন প্রতিনিধি
বোরহানউদ্দিন বোরহানউদ্দিন উপজেলায় রাতের আধারে মামলা দায়েরের পর ইমাম বাড়ির সামনে থেকে মো. রাজিব নামে এক যুবককে মাইক্রোবাসে তুলে নিয়ে মারধরের পর তার ২ চোখ উপড়ে ফেলার অভিযোগ উঠেছে। তাকে উন্নত চিকিৎসার

বরিশাল-পটুয়াখালী মহাসড়কের বেহাল দশা, বাড়ছে দুর্ঘটনার ঝুঁকি

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল সড়ক ও জনপথ বিভাগের আওতাধীন বিভিন্ন সড়কের কয়েকটি অংশ দীর্ঘদিন ধরে বেহাল অবস্থায় রয়েছে। বিশেষ করে বরিশালের রূপাতলী থেকে বিশ্ববিদ্যালয়ের সামনের সড়ক হয়ে দপদপিয়া সেতু এবং বরিশাল-পটুয়াখালী মহাসড়কের বিভিন্ন স্থানে সৃষ্টি হয়েছে অসংখ্য বিপুলসংখ্যক যানবাহন চলাচল করায় দুর্ভোগ আরও খানখন্দ। এতে যানবাহন চলাচলে দুর্ভোগের



পাশাপাশি দুর্ঘটনার ঝুঁকিও বাড়ছে। স্থানীয়দের অভিযোগ, সড়কের ক্ষতিগ্রস্ত অংশে মাঝে মাঝে সংস্কারকাজ করা হলেও কয়েক দিনের মধ্যেই আবার তা নষ্ট হয়ে যাচ্ছে। ফলে স্থায়ী সমাধান না হওয়ায় ভোগান্তি কমছে না। প্রতিদিন এসব সড়ক দিয়ে



তেঁতুলিয়ার ভাঙনে আতঙ্ক মঠবাড়িয়ায় এমপি মাসুদ

বাউফল প্রতিনিধি
পটুয়াখালীর বাউফলে তেঁতুলিয়া নদীর ভাঙনে মঠবাড়িয়া এলাকার বসতভিটা, কৃষিজমি ও স্থাপনা নতুন করে ঝুঁকিতে পড়েছে। নদীভাঙনে ক্ষতিগ্রস্ত ও ঝুঁকিতে থাকা মানুষের দুর্ভোগ সরেজমিনে দেখতে মঙ্গলবার (৬ অক্টোবর) দুপুরে ধূলিয়া ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের মঠবাড়িয়া এলাকায় যান পটুয়াখালী-২ আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ। পরে ঊলারঘোণে নদীর বিভিন্ন ভাঙনকবলিত এলাকা ঘুরে পরিস্থিতি পর্যবেক্ষণ করেন তিনি। এ সময় স্থানীয় বাসিন্দারা নদীভাঙনের কারণে তাদের বসতভিটা, কৃষিজমি ও বিভিন্ন স্থাপনা হারানোর আশঙ্কার কথা সংসদ সদস্যের কাছে তুলে ধরেন। দীর্ঘদিনের এ সমস্যা সমাধানে দ্রুত কার্যকর ব্যবস্থা নেওয়ার দাবি জানান তারা। ড. শফিকুল ইসলাম মাসুদ বলেন, “নদীভাঙন রোধে আমি পূর্বেও কাজ করেছি। তেঁতুলিয়া নদীর ভাঙন থেকে মানুষের বসতভিটা ও সম্পদ রক্ষায় কার্যকর ব্যবস্থা গ্রহণ করা জরুরি।” তিনি আরও বলেন, নদীভাঙন ৩ এর পাতায় দেখুন



ভাণ্ডারিয়া থানা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে জরুরী অভিভাবক সমাবেশ

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়া থানা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রধান শিক্ষকের যেক্ষেত্রিতা এবং অন্যান্য শিক্ষকদের নানা কারণে হারানি করার কারণে শিক্ষার্থীদের নিয়মিত পাঠ দান বাহ্যত হয়ে আসাচ্ছে। যার ফলে শিক্ষার্থীদের নিয়মিত পাঠ দানসহ বিদ্যালয়ের সার্বিক বিষয় নিয়ে শিক্ষক-কর্মচারীদের উদ্যোগে গতকাল মঙ্গলবার বিকালে বিদ্যালয় মাঠে এক জরুরী অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথির বক্তব্য ৩ এর পাতায় দেখুন

আমতলী থেকে অপহৃত কিশোরী গাইবান্ধায় উদ্ধার, গ্রেফতার ১

আমতলী প্রতিনিধি
বরগুনার আমতলী থেকে অপহৃত এক কিশোরীকে গাইবান্ধায় সুন্দরগঞ্জ থেকে উদ্ধার করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি)-১৩। এ ঘটনায় মামলার প্রধান আসামি ও কিশোরীর ছুপা আমিরুল ইসলাম আমিরকে (৪৩) গ্রেফতার করা হয়েছে। সোমবার (৫ অক্টোবর) রাতে সুন্দরগঞ্জ উপজেলার মতিদপুর এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। আমিরুল ইসলাম উপজেলার রামখান এলাকার মৃত আব্দুল মতিন মিয়া'র ছেলে। ৩ এর পাতায় দেখুন

পৃথকভাবে বিক্রি করবে স্বতন্ত্র

ইসলাম ও প্রাচীন শিক্ষার অপর সমন্বয়

লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা

লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল। ২০২৬ শিক্ষাবর্ষে

আবাসিক অনাবাসিক ডে-কোয়ার

দাখিল A+ প্রাপ্তদের জন্য

আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।

যোগাযোগ: ০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৮৭১৪৮, ০১৭১১-৭০২২৫৭, ০১৭১৪৫১১১৪

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

দি **নিউ লাইফ**

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১

০১৭১৩-১৬৯৮২৮



চরফ্যাশনে ডাকাতির প্রস্তুতিকালে অস্ত্রসহ ৩ জন গ্রেফতার

চরফ্যাশন প্রতিনিধি
চরফ্যাশনে ডাকাতির প্রস্তুতিকালে অস্ত্রসহ তিনজনকে গ্রেফতার করেছে পুলিশ। মঙ্গলবার (৬ অক্টোবর) রাত ১টায় চরফ্যাশন উপজেলার শশীভূষণ বাজার সংলগ্ন রতুলপুর ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ড স্কুল সড়কের একটি বাসায় অভিযান চালিয়ে ডাকাতি প্রস্তুতিকালে তিনজনকে গ্রেফতার করে শশীভূষণ থানাপুলিশ। গ্রেফতার ব্যক্তিরা হলেন রতুলপুর ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের বাসিন্দা হেলায়েত হোসেন খোকন চাকলাদার, মো.মাকসুদ ও আবু তাহের। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, গভীর রাতে স্কুল সড়ক এলাকার খোকন চাকলাদারের বাসায় কয়েকজন ৩ এর পাতায় দেখুন



৩০৫ পিস ইয়াবাসহ দুইজন গ্রেফতার, একজনের কারাদণ্ড

রাজপুর প্রতিনিধি
কালকটির রাজপুরে মাদকবিরোধী পৃথক অভিযানে ৩০৫ পিস ইয়াবাসহ দুইজনকে গ্রেফতার করেছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। এ সময় রাজিব হাওলাদারের কাছ থেকে ১০৫ পিস ইয়াবা ও ইয়াবা সেবনের বরজা উদ্ধার করা হয়। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড ও ৩ হাজার টাকা অর্থদণ্ড দেওয়া হয়েছে। অপর গ্রেফতার মো. তাহবির শরীফের বিরুদ্ধে রাজাপুর থানায় নিয়মিত মামলা করে তাকে জেলহাজতে পাঠানো হয়েছে। মঙ্গলবার (৬ অক্টোবর) সকালে ৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডা. এন.জি. রবীন্দ্র

এমবিবিএস(চলচ্চিত্র ও ডিএমসি) এমডিপি(ইউএসএ) ট্রেইনিং ইন অরবিস(আমেরিকা বোইজিং চীন) এনআইও(চলচ্চিত্র) ও প্রোডাকশন কেন্দ্র, জাতি ১৩৩ বিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা ও এস.বি. ম্যাশনাল কনফারেন্স ও সেবাটি সেবা পদকপ্রাপ্ত

মাথা ব্যথা, প্রোকেমা, ফ্যাকো সার্জন ও চক্ষু বিশেষজ্ঞ

বিদ্যায়ী প্রধান: সের. ই. বহনো প্রতিবেশন করছে হাসপাতাল (এক্স) বর্ডিনার সার্জন এলোপ্যাথি মেডিকেল কলেজ ও হাসপাতাল বর্ডিনার

বরিশাল চেম্বার: মেঘা ডায়ালগিস্টিক ল্যাব

৪০ সের. সের. (সের. সের. ই. ১৩৩) বর্ডিনার। (সিটিজেন জেন. ০১৭০৯০৯০৯, ০১৭০৯০৯০৯)

বাউফলে গভীর রাতে মিনিটের ব্যবধানে ৪ বিক্ষোরণের শব্দ, আতঙ্ক

বাউফল প্রতিনিধি
পটুয়াখালীর বাউফলে গভীর রাতে এক মিনিটের ব্যবধানে বিকট শব্দে চারটি বিক্ষোরণের ঘটনায় স্থানীয়দের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। মঙ্গলবার (৬ অক্টোবর) রাত পৌনে ১টার দিকে উপজেলার ধূলিয়া স্কুল অ্যাডজেন্ট সংলগ্ন বাজার ও আশপাশের এলাকায় এ ঘটনা ঘটে। স্থানীয়রা জানান, পরপর চারটি বিকট শব্দ শোনা যায়। শব্দে ঘুম ভেঙে যায় অনেকের। প্রথমে ডাকাতির ঘটনা ঘটেছে বলে ধারণা করে কিছু লোক লাঠিসোটা নিয়ে ঘর থেকে বের হয়ে রাস্তায় নামেন। পরে স্থানীয়রা বিভিন্ন স্থানে খোঁজ করলেও কাউকে দেখতে পাননি। এমনকি বিক্ষোরণের নির্দিষ্ট স্থান বা কোনো আলামতও পাওয়া যায়নি। স্থানীয়দের ধারণা, আতঙ্ক সৃষ্টি করতে ককটেল বা বিক্ষোরকজাতীয় কোনো বস্তু বিক্ষোরণ ঘটানো হয়ে থাকতে পারে। তবে এ ঘটনায় কারা জড়িত বা কী কারণে বিক্ষোরণের শব্দ হয়েছে, তা তাৎক্ষণিকভাবে নিশ্চিত হওয়া যায়নি। ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়া থানা বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাময়িক বরখাস্ত

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়া থানা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এস.এম. মুজিবুর রহমানকে দুর্নীতি, অনিয়ম, অদক্ষতা, পেশাগত অসদাচরণ, কর্তব্যে অবহেলা ও নৈতিক ঋনসহ বিভিন্ন অভিযোগে সাময়িক বরখাস্ত করা হয়েছে। একই সঙ্গে অভিযোগগুলো তদন্তে তিন সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। মঙ্গলবার (৬ অক্টোবর) ০৫.১০.৭৯.১৪.০০৭.২৩.০০৮. ২৬.১০.৩০ নং স্মারকে জারি করা অফিস আদেশে প্রধান শিক্ষককে সাময়িক বরখাস্ত ও তিন সদস্যের তদন্ত কমিটি গঠনের বিষয়টি জানানো হয়। আদেশে স্বাক্ষর করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা ও বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি মো. হাসিবুল হাসান। অফিস আদেশ সূত্রে জানা গেছে, প্রধান শিক্ষক এস.এম. মুজিবুর রহমানের বিরুদ্ধে দুর্নীতি, অদক্ষতা, পেশাগত অসদাচরণ, কর্তব্যে অবহেলা, নৈতিক ঋন এবং শিক্ষা প্রতিষ্ঠানের স্বার্থ পরিপন্থী কর্মকাণ্ডের ২৪ টি অভিযোগ উল্লেখ করে গত ১৩ সেপ্টেম্বর কারণ দর্শনোর নোটিশ দেওয়া হয়। ওই নোটিশের জবাবে তিনি ২৮ মে লিখিত জবাব দেন এবং ব্যক্তিগত শুনারি আবেদন করেন। ৩ এর পাতায় দেখুন



বরিশালে বিজ্ঞান বিতর্ক উৎসবে চ্যাম্পিয়ন বরিশাল জিলা স্কুল

আজিজুল হাকিম সামি
বরিশাল এর এক স্কুল মিলনায়তনে দৈনিক সমকালের আয়োজনে অনুষ্ঠিত স্কুল পর্যায়ের 'জাতীয় বিজ্ঞান বিতর্ক উৎসব-২০২৬' এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরকারি ব্রজমোহন (বিএন) কলেজের ভারপ্রাপ্ত অধ্যাপক প্রফেসর কাজী জাফের আহমেদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএম কলেজের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মাসুদুর রহমান এছাড়াও উপস্থিত ছিলেন বিশিষ্ট ক্রীড়া ব্যক্তিত্ব আনোয়ারুল হক তারিন এবং এ কে স্কুলের প্রধান শিক্ষক মো. জলিম উদ্দীন। এ অনুষ্ঠানে ৩ এর পাতায় দেখুন



বরগুনার ক্লাস চলাকালে 'হিস্টিরিয়ায়' আক্রান্ত হয়ে অসুস্থ ২০ শিক্ষার্থী

বরগুনা প্রতিনিধি
বরগুনার লাকুরতলা সোনারবাংলা মাধ্যমিক বিদ্যালয়ে ক্লাস চলাকালে গণ-হিস্টিরিয়ায় আক্রান্ত হয়ে অন্তত ২০ জন শিক্ষার্থী শ্বাসকষ্ট নিয়ে অসুস্থ হয়ে পড়েছে। গতকাল দুপুর ১২টার দিকে এই ঘটনা ঘটে। অসুস্থদের মধ্যে ৯ জনকে বরগুনা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে এবং বাকি ১১ জনকে প্রাথমিক চিকিৎসা দিয়ে অভিভাবকদের জিম্মায় বাড়ি পাঠানো হয়েছে। স্কুল কর্তৃপক্ষ ও স্থানীয় সূত্রে জানা যায়, দুপুরে ক্লাস চলাকালীন সন্তম সেরিয়ার এক ছাত্রী হঠাৎ ভীত শ্বাসকষ্ট অনুভব করে অসুস্থ হয়ে ৩ এর পাতায় দেখুন



বরগুনা ক্লাস চলাকালে 'হিস্টিরিয়ায়' আক্রান্ত হয়ে অসুস্থ ২০ শিক্ষার্থী

বরগুনা প্রতিনিধি
বরগুনার লাকুরতলা সোনারবাংলা মাধ্যমিক বিদ্যালয়ে ক্লাস চলাকালে গণ-হিস্টিরিয়ায় আক্রান্ত হয়ে অন্তত ২০ জন শিক্ষার্থী শ্বাসকষ্ট নিয়ে অসুস্থ হয়ে পড়েছে। গতকাল দুপুর ১২টার দিকে এই ঘটনা ঘটে। অসুস্থদের মধ্যে ৯ জনকে বরগুনা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে এবং বাকি ১১ জনকে প্রাথমিক চিকিৎসা দিয়ে অভিভাবকদের জিম্মায় বাড়ি পাঠানো হয়েছে। স্কুল কর্তৃপক্ষ ও স্থানীয় সূত্রে জানা যায়, দুপুরে ক্লাস চলাকালীন সন্তম সেরিয়ার এক ছাত্রী হঠাৎ ভীত শ্বাসকষ্ট অনুভব করে অসুস্থ হয়ে ৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১২২৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফস্টেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাইল: ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com